আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
নিঃসন্দেহে আল্লাহর নিকট গ্রহণযোগ্য দ্বীন একমাত্র ইসলাম।
সূরা আল ইমরান- ১৮

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ২৪ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০৬ রমজান ১৪৪৭ ॥ ১১ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৮২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

১২ মার্চ সংসদের প্রথম অধিবেশন আহ্বান রাষ্ট্রপতির

কীর্তনখোলা ডেস্ক
ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসছে আগামী ১২ মার্চ। ওইদিন বেলা ১১টায় জাতীয় সংসদ ভবনের ২ এর পাতায় দেখুন

খুব দ্রুত ২ হাজার ৭শ কনস্টেবল নিয়োগ দেওয়া হবে

কীর্তনখোলা ডেস্ক
স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, খুব দ্রুত পুলিশে ২ হাজার ৭০১ জন কনস্টেবল নিয়োগের নির্দেশ দেওয়া হয়েছে। ২ এর পাতায় দেখুন

অন্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ চাইবে না বাংলাদেশ

কীর্তনখোলা ডেস্ক
পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বলেছেন, বাংলাদেশ তার স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করবে এবং অন্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে ২ এর পাতায় দেখুন

স্থানীয় সরকার ও সিটি নির্বাচন তফসিলের সিদ্ধান্ত শিগগির

কীর্তনখোলা ডেস্ক
নির্বাচন কমিশনার (ইসি) মো. আনোয়ারুল ইসলাম সরকার জানিয়েছেন, নির্বাচন কমিশন (ইসি) স্থানীয় ২ এর পাতায় দেখুন

বরিশালে নিত্যপণ্যের বাজার লাগামহীন, মুক্তি চায় ভোক্তারা

কীর্তনখোলা রিপোর্ট
রমজান মাসেই বরিশালের বাজারে চলছে দাম বাড়ানোর প্রতিযোগিতা। সপ্তাহের ব্যবধানে একেকটি পণ্যের দাম বেড়েছে একশ টাকা পর্যন্ত। ফলের বাজার থেকে শুরু করে সবজির বাজার সবখানেই অস্থিরতা। সপ্তাহের তুলনায় ভোগ্য পণ্যের দাম বেড়েছে ৪০ থেকে ৭০ শতাংশ। খেজুর, ফল ও সবজির অস্বাভাবিক দাম বৃদ্ধিতে নাভিশ্বাস উঠেছে সাধারণ মানুষের। কয়েক দিনের ব্যবধানেই প্রতিটি পণ্যের দাম বেড়েছে ৪০ থেকে ১'শ টাকা পর্যন্ত। এই যেমন রোজাদারের ইফতারের প্রধান অনুসঙ্গ খেজুর। অথচ বাজারে সাধারণ মানের খেজুরও এখন বিক্রি হচ্ছে ৩শ' টাকার উপরে। আর উন্নত মানের খেজুর তো সাধারণ ক্রেতাদের নাগালেরই বাইরে। বাজারে আজওয়া খেজুর বিক্রি হচ্ছে ১৫'শ থেকে ৩ হাজার টাকা, মেডজুল ১২'শ থেকে ১৫'শ টাকা, মরিয়ম ১১'শ থেকে ১৪'শ টাকা, জাহিদী ৩'শ ৫০ টাকা ও খুরমা খেজুর বিক্রি হচ্ছে ৪'শ টাকা দরে। ফলের বাজারেও একই চিত্র। আঙুর, আপেল, কমলা কিংবা মাল্টা- সবকিছুর দামই কেজিপ্রতি ৩'শ টাকার ওপরে। কালো আঙুর ৫'শ ৫০ থেকে ৬'শ টাকা, সাদা আঙুর ৪'শ ৫০ থেকে ৫০০ টাকা,আপেল ৩'শ ২০ থেকে ৩'শ ৮০ টাকা, আনার ৫'শ ৫০ থেকে ৬'শ টাকা। আর সবজির বাজারে লেবুর দাম বেড়েছে ৩'শ শতাংশ পর্যন্ত। রমজানের আগে লেবুর হালি ২০ টাকা দরে বিক্রি হলেও এখন তা ঠেকেছে ৮০ টাকায়। বেগুন ১'শ থেকে ১'শ ২০ টাকা আর কাঁচা মরিচ বিক্রি হচ্ছে ২'শ থেকে আড়াইশ টাকা কেজি দরে। করল্লা বিক্রি হচ্ছে ২'শ টাকা থেকে ২'শ ২০ টাকা কেজি, শসা ১'শ থেকে ১'শ ২০ টাকা দরে বিক্রি হচ্ছে। মাছ ও মাংসের বাজারে গিয়েও স্বস্তি নেই নিম্ন ও মধ্যবিত্তের। গরুর মাংস বিক্রি হচ্ছে ৮'শ টাকা কেজি দরে, ব্রয়লার মুরগী গত সপ্তাহে ১'শ ৬০ টাকায় বিক্রি হলেও তা এখন বিক্রি হচ্ছে ১'শ ৯০ টাকা দরে। আর সোনালী মুরগী সাড়ে তিনশ ২ এর পাতায় দেখুন

রমজানের শিক্ষা: পরোপকার ও সামাজিক দায়বদ্ধতা

মাওলানা মোহাম্মদ ইউসুফ
আজ পবিত্র মাহে রমজানের ৬ষ্ঠ দিবস। রমজানের প্রতিটি মুহূর্ত মুমিনের জন্য পরকালীন পাথেয় সংগ্রহের এক অনন্য সুযোগ। সিয়াম সাধনার অন্যতম মূল উদ্দেশ্য হলো ক্ষুধার কষ্ট অনুধাবনের মাধ্যমে অভাবী মানুষের প্রতি সহমর্মী হওয়া। মুমিনের হৃদয়ে সর্বদা অপর ভাইয়ের প্রতি নিঃস্বার্থ পরোপকারের মানসিকতা জাগ্রত ২ এর পাতায় দেখুন

আত্মসমর্পণ করে তালুকদার মো: ইউনুসের জামিন লাভ

কীর্তনখোলা রিপোর্ট
কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বরিশাল জেলা সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য তালুকদার মো. ইউনুসকে জামিন দিয়েছেন আদালত। সোমবার (২৩ ফেব্রুয়ারি) দুপুর ১২টায় ২০১৭ সালের একটি ঘটনায় দায়ের হওয়া মামলায় বরিশালের অতিরিক্ত চিফ মেট্রোপলিটন আদালতে আত্মসমর্পণ করলে বিচারক এস এম শরীয়তউল্লাহ তার জামিন আবেদন মঞ্জুর করেন। বিষয়টি নিশ্চিত করে রাষ্ট্রপক্ষের আইনজীবী নাজিম উদ্দিন পান্না বলেন, মামলার ৩ নম্বর আসামি হলেন তালুকদার মো. ইউনুস। আমরা জামিনের বিরোধিতা করেছিলাম, কিন্তু বিজ্ঞ আদালত আসামির জামিন দিয়েছেন। বিষয়টি আমরা পর্যালোচনা করে যদি মনে করি আইনের ব্যত্যয় হয়েছে, তাহলে উচ্চ আদালতে যাব। অপরদিকে আসামি পক্ষের আইনজীবী কাইয়ুম খান কায়সার বলেন, জামিনযোগ্য ধারা হওয়ায় বিজ্ঞ আদালত আসামির জামিন মঞ্জুর করেছেন। মামলার সূত্রে জানা গেছে ২ এর পাতায় দেখুন

সকাল ৯টার মধ্যে অফিসে প্রবেশের কড়া নির্দেশ

কীর্তনখোলা রিপোর্ট
সরকারি কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত হওয়ার নির্দেশ দিয়েছে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। গতকাল সোমবার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব (প্রশাসন) কামরুল হাসান স্বাক্ষরিত এক অফিস আদেশে এ নির্দেশ দেওয়া হয়। অফিস আদেশে বলা হয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ২ এর পাতায় দেখুন

প্রতিমন্ত্রী রাজিবের উদ্যোগে সুলভ মূল্যে ইফতার সামগ্রী বিক্রি

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল-৪ আসনের সংসদ সদস্য ও প্রতিমন্ত্রী রাজিব আহসানের উদ্যোগে মেহেন্দিগঞ্জ উপজেলার পাতারহাট বন্দরে খোলা বাজারে সুলভ মূল্যে কাঁচামাল ও ইফতার সামগ্রী বিক্রি শুরু হয়েছে। সোমবার সকাল থেকে বিকেল পর্যন্ত মেহেন্দিগঞ্জ উপজেলার প্রাণকেন্দ্রে এই কার্যক্রম চলে। পবিত্র মাহে রমজান উপলক্ষে বাজার পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যেই প্রতিমন্ত্রী এই উদ্যোগ গ্রহণ করেছেন বলে জানান স্থানীয় বিএনপির নেতৃবৃন্দ। মেহেন্দিগঞ্জ উপজেলা যুবদলের আহ্বায়ক সৈয়দ নাঈম ইসলাম তুহিন বলেন, একটি মহল সিন্ডিকেট করে দ্রব্যমূল্যের বাজার অস্থিতিশীল করে তোলায় প্রতিমন্ত্রী রাজিব আহসান দলের নেতৃবৃন্দের সাথে আলোচনা সাপেক্ষে এই সিদ্ধান্ত গ্রহণ করেন। সুলভ মূল্যের এই ২ এর পাতায় দেখুন



সেলিমা রহমানকে দেখতে হাসপাতালে এমপি জয়নুল

কীর্তনখোলা রিপোর্ট
ঢাকার ইউনাইটেড হাসপাতালের সিসিইউতে চিকিৎসাধীন বিএনপির স্থায়ী কমিটির সদস্য, সাবেক প্রতিমন্ত্রী সেলিমা রহমানের শারীরিক অবস্থার খোঁজখবর নিতে হাসপাতালে গিয়েছেন দলটির ভাইস চেয়ারম্যান ও বরিশাল-৩ (বাবুগঞ্জ-মুলাদী) আসনের সংসদ সদস্য জয়নুল আবেদীন। রোববার (২২ ফেব্রুয়ারি) রাত ১০টার দিকে তিনি হাসপাতালে পৌঁছান। সেখানে তিনি দায়িত্বপ্রাপ্ত চিকিৎসকদের সঙ্গে সেলিমা রহমানের চলমান চিকিৎসা প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। পাশাপাশি তিনি নেত্রীর পরিবারের সদস্যদের সঙ্গেও কথা বলেন এবং তার দ্রুত সুস্থতা কামনা করেন বলে জানিয়েছেন তার ব্যাক্তিগত সহকারী শফিকুল ইসলাম জুয়েল। প্রসঙ্গত, ১৯ ফেব্রুয়ারি রাতে গুলশানের বাসায় হঠাৎ অসুস্থ হয়ে পড়লে সেলিমা ২ এর পাতায় দেখুন

ভোলায় মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপনে লিগ্যাল নোটিশ

কীর্তনখোলা রিপোর্ট
ভোলা জেলায় একটি সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপনের জন্য অতি দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সরকারকে লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। সোমবার (২৩ ফেব্রুয়ারি) সুপ্রিম কোর্টের আইনজীবী ও ভোলা জেলার বাসিন্দা অ্যাডভোকেট মোহাম্মদ ছিদ্দিক উল্লাহ মিয়া এ নোটিশ পাঠান। স্বাস্থ্য সচিবসহ সংশ্লিষ্টদের এ নোটিশ পাঠানো হয়েছে। ২ এর পাতায় দেখুন

বরিশাল শহিদ মিনারে বাংলাদেশী সাংস্কৃতিক জোটের ব্যতিক্রমী একুশ উদযাপন

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল কেন্দ্রীয় শহিদ মিনারে ব্যতিক্রম আয়োজনে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করলো বাংলাদেশী সাংস্কৃতিক জোট, বরিশাল। একুশে ফেব্রুয়ারি বিকেলে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করে আলোচনা ও তাদের রুহের মাগফিতার কামনায় শহিদ মিনারের পাদদেশে ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করে এই সাংস্কৃতিক জোট। গত একুশে ফেব্রুয়ারি প্রথম প্রহর থেকে বরিশাল শহিদ মিনারে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন, বরিশাল বিভাগীয় কমিশনার, পুলিশ কমিশনার, ডিআইজি, জেলা প্রশাসকসহ বরিশালের বিভিন্ন স্তরের প্রশাসনিক কর্তা ব্যক্তি। এছাড়াও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, রাজনৈতিক দল, সামাজিক-সাংস্কৃতিক সংগঠন ও ব্যক্তি পর্যায়েও শহিদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ ২ এর পাতায় দেখুন

খুলনা থেকে অপহৃত শিশুকে রাজাপুরের জঙ্গল থেকে উদ্ধার

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুরে অপহরণের পর জঙ্গল থেকে মিহির নামে ১৬ মাস বয়সী এক শিশুকে উদ্ধার করা হয়। রোববার রাতে ঝালকাঠির রাজাপুর সদর ইউনিয়নের পশ্চিম আঙ্গারিয়া এলাকার রাস্তা ও খালের পাশের একটি নির্জন জঙ্গলে কান্নারত অবস্থায় ১৬ মাস বয়সী শিশু মো. মিহিরকে উদ্ধার করে স্থানীয়রা। পরে তাকে রাজাপুর থানায় নেওয়া হলে বাবা মো. মাহাবুর মোল্লা শিশুটিকে শনাক্ত করেন। খুলনা ডুমুরিয়া থেকে রোববার সকালে শিশুটি অপহরন করে মুক্তিপণ দাবি ও হত্যার হুমকি দেন অপহরণকারী। এ অভিযোগে খুলনার ডুমুরিয়া থানায় একটি অপহরণ মামলা করে তার পরিবার। শিশুটির পিতা মাহবুব মোল্লা জানান, তাদের এক আত্মীয় ময়না বেগমের প্রাক্তন স্বামী তোতা মিয়া (৩৫) দুই মাস আগে তাদের ২ এর পাতায় দেখুন

অন্তর্বর্তী সরকারের সময় চাঁদাবাজি বেড়েছে ২০-৫০%

কীর্তনখোলা ডেস্ক
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ বলেছেন, অন্তর্বর্তী সরকারের সময় দেশে চাঁদাবাজি বেড়েছে। সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাজধানীর মতিঝিলে ডিসিসিআই কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন। তাসকীন আহমেদ বলেন, 'আওয়ামী লীগ সরকারের পতনের পর দেশে ২০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত চাঁদাবাজি বেড়েছে।' চাঁদাবাজি কারা করছে, সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে চেম্বার সভাপতি বলেন, 'ক্ষমতাসীন দলের লোকজন, পুলিশ ও রাজস্ব কর্মকর্তাসহ অনেকেই চাঁদাবাজি করেন।' 'বিদ্যমান অর্থনৈতিক পরিস্থিতি মোকাবিলায় নবগঠিত সরকারের কাছে প্রত্যাশা' শিরোনামে সংবাদ সম্মেলনটি আয়োজন করে ডিসিসিআই। তিনি বলেন, 'কারা চাঁদাবাজি করছে, সেটা সরকারকে বের করতে হবে। তারা এসে বলে, আমরা সরকারি দলের লোক। যখনই যে সরকার আসে, তখনই বলে আমরা সরকারি দলের লোক; আমাদের চাঁদা দিতে হবে। আমাদের এই অনুষ্ঠান আছে, পাড়ার এই চাঁদা দিতে হবে।' চাঁদাবাজি ও দুর্নীতি আমাদের রক্তে মিশে গেছে মন্তব্য ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপন্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720	রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945	মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663	হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

দর-কষাকষির সুযোগ নিতে হবে

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পাল্টা শুল্ক বিশ্ববাণিজ্যে এক অস্থির অবস্থার সৃষ্টি করেছিল। সম্প্রতি মার্কিন সুপ্রিম কোর্ট এক রায়ে ট্রাম্পের ঘোষিত পাল্টা শুল্ক অবৈধ ঘোষণা করেছেন। এই রায়ের ফলে আগে ঘোষিত পাল্টা শুল্ক কার্যত বাতিল হয়ে গেলেও পরে নতুন নির্বাহী আদেশের মাধ্যমে সব দেশের ওপর আবারও ১৫ শতাংশ আমদানি শুল্ক আরোপ করেছেন ট্রাম্প। ফলে সামগ্রিক পরিস্থিতি এখনো পুরোপুরি পরিষ্কার নয় বলে মনে করছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা। বিশেষজ্ঞরা মনে করছেন, পুরো পরিস্থিতি গভীরভাবে পর্যালোচনা করতে হবে। এই পরিস্থিতিতে দর-কষাকষির সুযোগ তৈরি হতে পারে এবং বাংলাদেশকে তা দক্ষতার সঙ্গে কাজে লাগাতে হবে। বাংলাদেশের প্রধান রপ্তানি পণ্য তৈরি পোশাক। মোট রপ্তানির প্রায় ৯০ শতাংশ। আর তার প্রধান গন্তব্য যুক্তরাষ্ট্র। গত বছর দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নির্বাহী আদেশে বিভিন্ন দেশের ওপর পাল্টা শুল্ক আরোপ করেন। বাংলাদেশের ওপরও ২০ শতাংশ শুল্ক আরোপ করেন। আগের ১৫.১ শতাংশ যোগ হয়ে যুক্তরাষ্ট্রে বাংলাদেশি পণ্য রপ্তানিতে মোট শুল্ক দাঁড়ায় ৩৫.১ শতাংশ। এতে বাংলাদেশের রপ্তানি বাণিজ্য ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা তৈরি হয়। চাপ কাটাতে অন্তর্বর্তী সরকার যুক্তরাষ্ট্রের সঙ্গে নানা ধরনের চুক্তি করে। এতে পাল্টা শুল্ক ২০ থেকে কমিয়ে ১৯ শতাংশ করা হয়। অর্থাৎ বাংলাদেশি পণ্যে মোট শুল্ক দাঁড়ায় ৩৪.১ শতাংশ। তবে মার্কিন তুলায় পণ্য বানিয়ে তা রপ্তানি করলে শুল্ক শূন্য করারও আশ্বাস দেওয়া হয়। অন্যদিকে বাংলাদেশের প্রতিযোগী কিছু দেশে এই শুল্কের পরিমাণ বাংলাদেশের চেয়ে কম থাকায় তারা বিশেষ সুবিধা পাচ্ছিল। আদালতের রায়ে আগের শুল্কারোপ বাতিল হওয়া এবং নতুন করে সব দেশের জন্য সমান শুল্কারোপ হওয়ায় বাংলাদেশকে শুল্কবৈষম্যের শিকার হতে হবে না। কিন্তু বাংলাদেশকে পরিস্থিতি পর্যবেক্ষণ করে যেতে হবে এবং আলাপ-আলোচনার ভিত্তিতে কার্যকর পদক্ষেপ নিতে হবে। অর্থনৈতিক বিশ্লেষক মাশরুর রিয়াজ মনে করেন, মার্কিন আদালতের রায়ের ফলে আগে ঘোষিত পাল্টা শুল্ক কার্যত বাতিল হয়ে গেছে। তবে প্রেসিডেন্ট ট্রাম্প নতুন নির্বাহী আদেশের মাধ্যমে সব দেশের ওপর আবারও ১৫ শতাংশ শুল্ক আরোপ করেছেন। ফলে পরিস্থিতি পুরোপুরি পরিষ্কার হয়নি। তিনি বলেন, বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বিদ্যমান দ্বিপক্ষীয় বাণিজ্য কাঠামো থেকে সম্পূর্ণ বের হয়ে যাওয়ার পরিবর্তে যেসব ক্ষেত্রে বাংলাদেশের স্বার্থ ক্ষুণ্ন হয়েছে, সেগুলো নিয়ে নতুন করে দর-কষাকষিতে যাওয়া বেশি বাস্তবসম্মত হবে। নিট পোশাক খাতের শীর্ষ সংগঠন বিকেএমইএর সাবেক সভাপতি ফজলুল হক বলেন, মার্কিন সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষাপটে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের বিদ্যমান বাণিজ্যচুক্তিগুলো নতুন করে পর্যালোচনার সুযোগ তৈরি হয়েছে। তিনি বলেন, আদালতের রায়ের ফলে যদি সংশ্লিষ্ট কোনো বাণিজ্যব্যবস্থা বা শুল্ককাঠামো স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যায়, তবে তা বাংলাদেশের জন্য ইতিবাচক হতে পারে। যুক্তরাষ্ট্র এককভাবে বাংলাদেশের বৃহত্তম রপ্তানি বাজার। এই বাজার রক্ষায় আমাদের কৌশলী পদক্ষেপ নিতে হবে। বাণিজ্য আলোচনা চালিয়ে যেতে হবে। আমরা আশা করি, নতুন সরকার পরিবর্তিত পরিস্থিতি পর্যালোচনা করে রপ্তানি বাণিজ্যের স্বার্থে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

আত্মসমর্পণ করে তালুকদার

২০১৭ সালের ৫ মে নগরীর অনামী লেনে হামলার অভিযোগে ২০২৪ সালে বিএনপি কর্মী মো. সরোয়ার হোসেন কোতোয়ালি মডেল থানায় একটি মামলা দায়ের করেন। মামলায় বরিশাল সিটি করপোরেশনের সাবেক মেয়র ও কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বরিশাল মহানগর সভাপতি সেরনিয়াবাত সাদিক আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক একেএম জাহাঙ্গীর, জেলা সাধারণ সম্পাদক তালুকদার মোহাম্মদ ইউনুসসহ ২১০ জনকে আসামি করা হয়। মামলায় আদালতে আত্মসমর্পণ করে জামিন আবেদন করেন ইউনুস।

খুলনা থেকে অপহৃত শিশুকে

মধ্যে তালাকের পর বিষয়টি মেনে নিতে পারেননি। গত দুই সপ্তাহ আগে ময়না বেগমের দ্বিতীয় বিয়ে হয়। পরে রাজাপুরের পুটিয়াখালি গ্রামের মৃত মনুসুর সরদারের ছেলে পূর্ব পরিচিত তোতা মিয়া ধর্মের ভাই ডেকে রাতে আশ্রয় নেয় তার বাড়িতে। সকালে শিশুটিকে নিয়ে দোকানে যাবার কথা বলে অপহরন করে পালিয়ে যায় এবং তিনি শিশুটিকে ফেরত দিতে তিন লাখ টাকা মুক্তিপণ দাবি করেন এবং পুলিশে জানালে হত্যার হুমকি দেন। পুলিশ জানায়,তথ্যপ্রযুক্তির সহায়তায় পুলিশ অভিযুক্তের অবস্থান শনাক্ত করলে অপহরণকারী শিশুটিকে জঙ্গলে ফেলে পালিয়ে যায়। এ বিষয়ে রাজাপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) নজরুল ইসলাম জানান, উদ্ধার হওয়া শিশুটিকে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে এবং অপহরণকারী কে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

প্রতিমন্ত্রী রাজিবের উদ্যোগে

বাজারে ক্রেতাদের উপচে পড়া ভিড় লক্ষ্য করা গেছে। স্থানীয় ক্রেতারা জানান, একদিন আগে যেখানে শসা বিক্রি হয়েছে ৯০ থেকে ১০০ টাকা কেজি দরে, আজ প্রতিমন্ত্রীর উদ্যোগে তা মাত্র ৪৫ টাকায় কিনতে পারছেন। এছাড়া বিভিন্ন ফল ও নিত্যপ্রয়োজনীয় পণ্য বাজারের চেয়ে অনেক কম মূল্যে পাওয়ায় সাধারণ মানুষের মাঝে স্বস্তি ফিরে এসেছে। এই মানবিক উদ্যোগের জন্য তারা প্রতিমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ সময় ন্যায্য মূল্যের বাজার মনিটরিং করেন উপজেলা বিএনপির আহ্বায়ক গিয়াস উদ্দিন দিপেন, সদস্য সচিব সিহাব আহামেদ সেলিম এবং সিনিয়র যুগ্ম আহ্বায়ক আসাদুজ্জামান মুক্তা। এছাড়া পৌর বিএনপি, বরিশাল উত্তর জেলা যুবদল ও উপজেলা ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

সেলিমা রহমানকে দেখতে

রহমানকে জরুরি ভিত্তিতে ইউনাইটেড হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে তিনি সেখানে সিসিইউতে চিকিৎসাধীন রয়েছেন।

ভোলায় মেডিকেল কলেজ ও হাসপাতাল

এর আগে ভোলা জেলায় একটি সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে আবেদন করেছিলেন এই আইনজীবী। আবেদনে বলা হয়, দক্ষিণাঞ্চলের বৃহত্তম দ্বীপ জেলা ভোলা, যার জনসংখ্যা বর্তমানে প্রায় ১৮ (আঠারো) লাখ, দীর্ঘদিন ধরে স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হয়ে আসছে। ভৌগোলিক অবস্থান বিচ্ছিন্ন, নদী ও সাগরবেষ্টিত হওয়ায় বরিশাল বা ঢাকায় গিয়ে জরুরি চিকিৎসা গ্রহণ করা অধিকাংশ সময়েই কষ্টসাধ্য, ব্যয়বহুল এবং সময়সাপেক্ষ হয়ে পড়ে। ফলে বহু রোগী সময়মতো চিকিৎসা না পেয়ে মারা যাচ্ছেন, কিংবা স্থায়ীভাবে পঙ্গুত্ববরণ করছেন, যা অত্যন্ত দুঃখজনক ও মানবিকভাবে অগ্রহণযোগ্য। স্বাধীনতার পর থেকে অদ্যাবধি ভোলা জেলার স্বাস্থ্যখাতে আয়েখযোগ্য কোনো উন্নয়ন সাধিত হয়নি। জেলার একমাত্র সদর হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলো আয়োজনের তুলনায় অপ্রতুল, জনবল সংকটপূর্ণ এবং আধুনিক চিকিৎসা সরঞ্জামের অভাবে কার্যত অকার্যকর হয়ে পড়েছে। এই পরিস্থিতিতে বিষয়টি জনস্বার্থে গভীরভাবে চিন্তা ও উদ্বেগের। ভোলার ভৌগোলিক অবস্থান বিচ্ছিন্ন এবং নদী ও সাগরবেষ্টিত হওয়ায় এই জেলার জনগণের জন্য চিকিৎসা গ্রহণ করা অত্যন্ত কষ্টসাধ্য, ব্যয়বহুল এবং সময়সাপেক্ষ। বরিশাল বা ঢাকায় গিয়ে চিকিৎসা গ্রহণ করতে গিয়ে বহু রোগী সময়মতো চিকিৎসা না পেয়ে মৃত্যুবরণ করছেন কিংবা চিকিৎসা না পেয়ে স্থায়ী অসুস্থতাকে জীবনের সঙ্গী করে নিচ্ছেন। জেলার একমাত্র সদর হাসপাতাল ও উপজেলা ভাতা কমপ্লেক্সগুলো প্রয়োজনের তুলনায় অপ্রতুল, জনবল সংকটপূর্ণ এবং আধুনিক চিকিৎসা সরঞ্জামের অভাবে কার্যত অকার্যকর হয়ে পড়েছে। এছাড়াও জরুরি চিকিৎসা নিতে বরিশাল মেডিকেল কলেজে পৌঁছাতে ৪/৫ ঘণ্টা সময় লেগে যায়। এছাড়াও স্থল পথে যাতায়াতের কোনো ব্যবস্থা নেই। এছাড়া, বাংলাদেশের সংবিধানের ১৫(ক), ১৮(১) ও ৩২ অনুচ্ছেদে স্বাস্থ্যসেবা একটি মৌলিক নাগরিক অধিকার হিসেবে স্বীকৃত। অথচ ভোলার জনগণ এই অধিকার থেকে নিয়মিতভাবে বঞ্চিত হচ্ছেন, যা রাষ্ট্রের নীতিগত অঙ্গীকারের পরিপন্থি। এই প্রেক্ষাপটে, ভোলা জেলায় একটি সরকারি মেডিকেল কলেজ ও আধুনিক হাসপাতাল স্থাপন অত্যন্ত প্রয়োজনীয় ও সময়োপযোগী। আইনজীবী বলেন, লিগ্যাল নোটিশ পাওয়ার পরও ভোলা জেলায় একটি সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে উচ্চ আদালতে রিট দায়ের করবো।

সকাল ৯টার মধ্যে অফিসে

ও বিচার বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯-এর বিধানসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে উক্ত বিধিমালার অধীন নিম্নলিখিত বিষয়সমূহ অফিস শৃঙ্খলা পরিপন্থী ও শাস্তিযোগ্য অপরাধ। (ক) বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিতি; (খ) বিনা অনুমতিতে অফিস ত্যাগ, (গ) বিলম্বে অফিসে উপস্থিতি। এ অবস্থায় সব কর্মকর্তা ও কর্মচারীকে কর্মদিবসে সকাল ৯টার মধ্যে নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকতে বলা হয়েছে। অফিস সময়ে শেষ হওয়ার পূর্বে অর্থাৎ (পবিত্র মাহে রমজান উপলক্ষে বিকেল ৩টা ৩০ মিনিট এবং রমজান-পরবর্তী সময় বিকেল ৫টার) পূর্বে কেউ নিজ দপ্তর ত্যাগ করবে না। এ ছাড়া অফিস আদেশে আরো বলা হয়েছে, অফিস চলাকালীন দাপ্তরিক বা জরুরি প্রয়োজনে কর্মকর্তা-কর্মচারীগণকে নিজ অনুবিভাগের প্রধান (যুগ্ম সচিব/সলিসিটর)-এর অনুমতি গ্রহণকরত সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯-এর তফসিল অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তরে রক্ষিত 'অফিস ত্যাগের রেজিস্টার'-এ এন্ট্রি : এবং ডিজিটাল হাজিরা প্রদানকরত অফিস ত্যাগ করতে হবে। কোনো কর্মকর্তা-কর্মচারী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, অফিস ত্যাগ, বিলম্বে অফিসে উপস্থিত হলে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ ও সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে।

রমজানের শিক্ষা: পরোপকার

হওয়া অত্যন্ত প্রয়োজন। ইসলামের দৃষ্টিতে ইবাদত কেবল তসবীহ পাঠ বা উপবাসে সীমাবদ্ধ নয়, বরং সৃষ্টির সেবা আল্লাহর সন্তুষ্টির অন্যতম মাধ্যম। রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেছেন, যে ব্যক্তি কোনো রোজাদারকে ইফতার করাবে, সে তার সমপরিমাণ সওয়াব পাবে (সুনানে তিরমিযী: ৮০৭)। এই হাদিসটি কেবল ইফতার করানোর মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং এটি অন্যের প্রয়োজনে নিজেকে বিলিয়ে দেওয়ার এক মহান দর্শন। পবিত্র কুরআনেও আল্লাহ তায়ালা মুমিনদের গুণাবলি বর্ণনা করে বলেছেন, তারা আল্লাহর প্রেমে অভাবী, এতিম ও বন্দীদের খাবার দান করে (সূরা আদ-দাহর: ৮)। আমাদের সমাজে অনেক অভাবী মানুষ আছেন যারা আত্মসম্মানের ভয়ে কারও কাছে হাত পাতেন না। পবিত্র কুরআনের বর্ণনামতে, তাদের বাহ্যিক অবস্থা দেখে অনেকে সচ্ছল মনে করলেও প্রকৃতপক্ষে তারা সাহায্যের মুখাপেক্ষী (সূরা আল-বাকারা: ২৭৩)। এমন আত্মীয় ও প্রতিবেশীদের গোপনে সাহায্য করাই হলো প্রকৃত মুমিনের বৈশিষ্ট্য। রমজানের এই সময়ে দান-সদকাহ কেবল নিজের সওয়াব বৃদ্ধি করে না, বরং সামাজিক সম্প্রীতিকেও সুদৃঢ় করে। মাহে রমজানের এই পুণ্যক্ষণে আমাদের হৃদয়ে পরোপকারের বীজ অঙ্কুরিত হোক। আমরা যেন কেবল ব্যক্তিগত ইবাদতে মগ্ন না থেকে সামাজিক দায়বদ্ধতাও সমানভাবে পালন করি। আর্তমানবতার সেবায় নিজেকে নিয়োজিত করে আমরা যেন আল্লাহর রহমতের ভাগিদার হতে পারি। আমাদের রোজা যেন কেবল পানাহার বর্জনের আনুষ্ঠানিকতা না হয়ে বরং নিঃস্বার্থভাবে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর এক জীবন্ত স্মারক হয়ে ওঠে, আমিন।

লেখক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

বরিশালে নিত্যপণ্যের বাজার

টাকা কেজিতে বিক্রি হচ্ছে। নগরীর নতুন বাজারের এক নারী ক্র?তা বলেন, 'রমজানের আগের চেয়ে এখন প্রতিটি সবজির দাম কেজিতে ২০ থেকে ৩০ টাকা বেড়েছে। এভাবে চলা কষ্টসাধ্য।' পোর্ট রোডে মাংস কিনতে আসা রসুলপুরের সালাম মিয়া বলেন, 'কয়েকদিন আগেও ব্রয়লার মুরগি কিনেছে কম দামে এখন তা দুইশ টাকায় ঠেকেছে।' তবে ব্যবসায়ীদের অভিযোগ, 'আমদানী কম থাকায় বেড়েছে দাম। সাথে ফলের ওপর বাড়তি কর থাকায় দাম বেড়েছে সকল ফলের ওপর। ফলপট্টি রোডের জামাল ফল হাউজের আশরাফ হোসেন বলেন, 'তিনশ টাকার নিচে কোনো ফল নেই। আমদানি করা প্রতিটি ফলে বাড়তি কর দিতে হয়। আর কোনো ফলের দাম যদি হয় তিন হাজার টাকা সেখানে কর যুক্ত হয় তার দ্বিগুন।' এদিকে গত মঙ্গলবার থেকে নগরীতে টিসিবির পণ্য বিক্রি শুরু হলেও তা চাহিদার তুলনায় অপ্রতুল। ডাল, ছোলা ও তেলের দামও বাড়তি। এ বিষয়ে বরিশাল জেলা প্রশাসক মো. খায়রুল আলম সুমন জানান, 'ভোক্তা অধিদফতরকে সাথে নিয়ে অভিযান পরিচালনা করা হচ্ছে। মূল্য নিয়ে বাজারে কেউ বিশৃঙ্খল পরিবেশ সৃষ্টি করলে তার বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা নেয়ার হুঁশিয়ার দেন তিনি।

স্থানীয় সরকার ও সিটি নির্বাচন

সরকার ও সিটি করপোরেশন নির্বাচনের জন্য প্রস্তুতি নিচ্ছে। এ-সংক্রান্ত আইনগত বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় সব প্রক্রিয়া সম্পন্ন হলে দ্রুতই তফসিল ঘোষণা বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে তিনি জানান। সোমবার দুপুরে তিনি এ তথ্য জানিয়েছেন। এ সময় তিনি আরও বলেন, পয়লা বৈশাখের আগেই যেন ধাপে ধাপে সবকিছু সম্পন্ন করা যায়, সেভাবে প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমিশন। এ ক্ষেত্রে, সংরক্ষিত মহিলা আসন নির্বাচন বা তার আগেও কিছু বিষয় রয়েছে যেমন রাষ্ট্রপতি ও স্পিকার নির্বাচন- যার অনেকটাই নির্ভর করবে সরকারের সিদ্ধান্তের ওপর। ইসি আনোয়ারুল বলেন, 'এরপর আসে সিটি করপোরেশন ও স্থানীয় সরকার নির্বাচন। সিটি করপোরেশন নির্বাচনের বিষয়ে আমাদের কাছে চিঠি এসেছে, আমরা কমিশনের সিদ্ধান্ত নিয়ে পরবর্তী কার্যক্রম শুরু করব।' তবে শেরপুর-৩ ও বগুড়া-৬ আসনের নির্বাচন যেহেতু জাতীয় সংসদ নির্বাচনেরই একটি অংশ, গুরুত্ব বিবেচনায় আপাতত তা কমিশনের কাছে বেশি প্রাধান্য পাচ্ছে উল্লেখ করে এই নির্বাচন কমিশনার বলেন, এ বিষয়ে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে দ্রুত এ দুই আসনে নির্বাচনের কাজ করছে কমিশন। দুই সংসদীয় আসনে নির্বাচন আয়োজন করতে গিয়ে কোনোভাবে সিটি নির্বাচন দেরি হবে কি না জানতে চাইলে ইসি আনোয়ারুল বলেন, 'দেরি হবে, এমনটা বলব না। সিটি করপোরেশন নির্বাচন বা স্থানীয় সরকার নির্বাচনের ক্ষেত্রে বেশ কিছু কাজ থাকে যেমন ডিলিমিটেশনের বিষয় বা আইনগত কোনো সমস্যা বা বিদ্যমান আইনের সঙ্গে সাংঘর্ষিক কোনো বিষয় আছে কিনা- এগুলো সঠিকভাবে ভেবেচিন্তে, দেখে তারপরে কমিশন সিদ্ধান্ত নেবে। এই যথাযথ প্রক্রিয়াগুলোতে প্রয়োজনের অতিরিক্ত সময় ব্যয় করবে না কমিশন, এমনটা জানিয়ে তিনি বলেন, এই কাজগুলো শেষ করার পরই সিটি করপোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। এবং সময়মতো তা আয়োজনে নির্বাচন কমিশন আশাবাদী। স্থানীয় সরকার ও সিটি করপোরেশন নির্বাচন আয়োজনে নির্বাচন কমিশনের সামনে কি ধরনের চ্যালেঞ্জ রয়েছে জানতে চাইলে ইসি আনোয়ারুল বলেন, 'ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট আয়োজনে শুরু থেকেই বিভিন্ন চ্যালেঞ্জ ছিল। আল্লাহর অশেষ রহমতে আমরা একে একে সব কয়টা চ্যালেঞ্জ মোকাবিলা করতে পেরেছি। সকলের সহযোগিতায় অত্যন্ত সুন্দর একটি নির্বাচন হয়েছে এবং এটা সারা বিশ্বে প্রশংসিত হয়েছে। আমরা সেরকমই সফল একটি সিটি করপোরেশন নির্বাচনের ব্যাপারে অত্যন্ত আশাবাদী।' মহিলা সদস্যদের জন্য আসনের বিষয়টিকে সংরক্ষিত না রেখে তাদেরও সরাসরিভাবে নির্বাচনের মাধ্যমে সংসদে অন্তর্ভুক্ত করার পরামর্শ দিচ্ছেন অনেক বিশেষজ্ঞ, এই বিষয়টা নিয়ে নির্বাচন কমিশন কী ভাবছে জানতে চাইলে ইসি আনোয়ারুল বলেন, নির্বাচন কমিশন কাজ করবে বিদ্যমান আইন অনুযায়ী। আইন যদি কখনো পরিবর্তন হয় সেভাবে নির্বাচন কমিশন কাজ করবে। সংরক্ষিত আসন নির্বাচনের বিষয়ে এখনো আমরা নতুনভাবে কোনো কিছু জানতে পারিনি। ভবিষ্যতে যদি নতুন কোনো সিদ্ধান্ত হয় সে অনুযায়ী কমিশন ব্যবস্থা নেবে। এবারই প্রথমবারের মতো ১৬ বছর ও তদূর্ধ্ব নাগরিকদের জাতীয় পরিচয়পত্রের আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে ইসি, সে বিষয়ে ইসি আনোয়ারুল বলেন, দেশের ১৬ ও তদূর্ধ্ব নাগরিকেরা জাতীয় পরিচয়পত্র এখন পেলেও আইন অনুযায়ী আঠারো বছর পূর্ণ হওয়ার পরপরই স্বয়ংক্রিয়ভাবে তারা ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। পর্যায়ক্রমে হয়তোবা আরও কম বয়সীদের জাতীয় পরিচয়পত্র কার্ড যেন দেওয়া যায় ভবিষ্যতে নির্বাচন কমিশন সেই পদক্ষেপ নেওয়ার চেষ্টা করবে বলেও জানান তিনি।

অন্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে

হস্তক্ষেপ চাইবে না। সোমবার (২৩ ফেব্রুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে বিভিন্ন দেশের দূতদের সঙ্গে বৈঠকের পরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি। খলিলুর রহমান বলেন, রোববার থেকে আমাদের দেশের বিদেশে নিযুক্ত রাষ্ট্রদূতদের সঙ্গে আমরা বৈঠক শুরু করেছি। আমরা তাদের কাছে আমাদের সরকারের বৈদেশিক নীতির আউটলাইন তুলে ধরেছি। আমাদের মোটো হচ্ছে বাংলাদেশ ফার্স্ট। সবার উপরে থাকবে বাংলাদেশ। তিনি বলেন, আমরা স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করব, পরস্পরের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করব না এবং আমাদের নীতিমালা হবে পারস্পরিক স্বার্থ ও জাতীয় মর্যাদার ওপর ভিত্তি করে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা প্রতিটি দেশের সঙ্গে পারস্পরিক লাভজনক সম্পর্ক গড়ে তুলতে চাই। এখন পর্যন্ত সৌদি আরব, চীন, ভারত, পাকিস্তান, যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূতদের সঙ্গে সাক্ষাৎ করেছি। আমি লক্ষ্য করেছি যে তারা আমাদের সরকারের প্রতি গভীর আস্থা এবং আমাদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার প্রবল ইচ্ছা প্রকাশ করেছেন। তিনি বলেন, আমরা আশা করি, আমাদের অঞ্চলের এবং বিশ্বের অন্যান্য বন্ধু রাষ্ট্রদের সঙ্গে আমরা গভীর সম্পর্ক স্থাপন করতে সক্ষম হব। খলিলুর রহমান জানান, আমরা স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করব, কিন্তু বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখব। আমাদের সব ইস্যু আমরা পারস্পরিক মর্যাদার ভিত্তিতে সম্মানজনকভাবে সমাধান করব। আগামী দিনে আমরা অত্যন্ত গতিশীল বৈদেশিক নীতি পরিচালনা করতে পারব। তিনি বলেন, এখন পর্যন্ত আমরা সৌজন্যমূলক ও বন্ধুত্বপূর্ণ বৈঠক করেছি। ভবিষ্যতে আমরা স্পেসিফিক বিষয় নিয়ে আলাপ করব, এজন্য কিছুটা সময় প্রয়োজন।

খুব দ্রুত ২ হাজার ৭শ

এটা দ্রুত বাস্তবায়ন শুরু হবে। সোমবার (২৩ ফেব্রুয়ারি) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে বিভিন্ন দপ্তরের প্রধানদের সঙ্গে মতবিনিময় সভা শেষে এ কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, আমাদের প্রধান উদ্দেশ্য জনপ্রত্যাশা অনুযায়ী আইনশৃঙ্খলা বাহিনীকে পরিচালনা করা। তিনি বলেন, বিগত ফ্যাসিবাদী সরকারের সময় যেসব আগ্নেয়াস্ত্রের লাইসেন্স দেওয়া হয়েছে সেগুলো আমরা আবার ভেরিফাই করব। সেগুলো যথাযথ প্রক্রিয়ায় হয়েছে কি না আমরা সেটা খতিয়ে দেখব। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা আশা করি এটা দ্রুততার সঙ্গে করতে পারব। লাইসেন্স যারা পেয়েছে তারা এটা পাওয়ার উপযুক্ত কি না সেটা যাচাই করা হবে। যেগুলো রাজনৈতিক উদ্দেশ্যে লাইসেন্স পেয়েছে সেগুলো বাতিল করা হবে। এসব লাইসেন্সের অধীনে অস্ত্র থাকলে সেগুলোও বাতিল হবে। তিনি বলেন, আমার জানা মতে দশ হাজারের বেশি অস্ত্র এখনো উদ্ধার হয়নি। সেগুলো এখন অবৈধ। এগুলো নিয়ে মামলা হতে পারে। যথাযথ প্রক্রিয়ায় এগুলো উদ্ধার করা হবে।

১২ মার্চ সংসদের প্রথম

সংসদ কক্ষে অধিবেশন আহ্বান করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সোমবার (২৩ ফেব্রুয়ারি) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সচিব কানিজ মওলার সই করা সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে এ অধিবেশন আহ্বান করেন রাষ্ট্রপতি। জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধির ৫ ধারা অনুযায়ী, রাষ্ট্রপতির মনোনীত (প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে) কোনো ব্যক্তি ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে স্পিকার নির্বাচিত না হওয়া পর্যন্ত সভাপতিত্ব করতে পারেন। গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৯৯ আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। এর মধ্যে ২৯৭ আসনের ফলাফল ঘোষণা করে ১৩ ফেব্রুয়ারি গেজেট প্রকাশ করে নির্বাচন কমিশন। ঘোষিত ফলাফলে বিএনপি ২০৯টি এবং জোটভুক্ত গণঅধিকার পরিষদ, গণসংহতি আন্দোলন ও বিজেপি একটি করে আসনে বিজয়ী হয়। অন্যদিকে, জামায়াত ৬৮টি, এনসিপি ৬, বাংলাদেশ খেলাফত মজলিস দুটি ও খেলাফত মজলিস একটি আসনে জয় পায়। এছাড়া ইসলামী আন্দোলন একটি এবং স্বতন্ত্র হিসেবে সাতজন বিজয়ী হন। বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান দুটি আসনে বিজয়ী হয়েছিলেন, তার মধ্যে বগুড়া-৬ আসন ছেড়ে ঢাকা-১৭ আসনে তিনি শপথ নেন। এবারই প্রথম প্রধান নির্বাচন কমিশনার নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ পড়িয়েছেন।

সারাদেশের পরিত্যক্ত গভীর নলকূপ

ও বিচারপতি ফাতেমা আনোয়ারের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মোহাম্মদ মনির উদ্দিন। এর আগে দেশের বিভিন্ন জায়গায় পরিত্যক্ত গভীর নলকূপে পড়ে শিশুদের মৃত্যুর ঘটনা সংক্রান্ত প্রতিবেদন সংযুক্ত করে হাইকোর্টে রিট দায়ের করা হয়। সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট মোহাম্মদ মনির উদ্দিন জনস্বার্থে এ রিট দায়ের করেন। অ্যাডভোকেট মোহাম্মদ মনির উদ্দিন বলেন, ২০১৪ সালে শাহজাহানপুরের রেলওয়ে কলোনীতে পরিত্যক্ত গভীর নলকূপে পড়ে শিশু জিহাদের মৃত্যুর ঘটনা দেশবাসীকে নাড়িয়ে দিয়েছিল। এছাড়া ২০২৫ সালের ডিসেম্বরে রাজশাহীর তানোরে পরিত্যক্ত গভীর নলকূপে পড়ে শিশু সাজিদের মৃত্যু হয়। সবশেষ চলতি বছরের ২৮ জানুয়ারি চট্টগ্রামের রাউজান উপজেলায় পরিত্যক্ত গভীর নলকূপে পড়ে শিশু মিসবাহর মৃত্যু হয়। এসব ঘটনা সংযুক্ত করে হাইকোর্টে রিট করেছিলাম। রিটের শুনানি নিয়ে আদালত তিন মাসের মধ্যে সব পরিত্যক্ত নলকূপ ভরাট করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন।

অন্তর্বর্তী সরকারের সময়

করে তাসকীন আহমেদ বলেন, 'চাঁদাবাজি বন্ধ না হলে আমরা ব্যবসা বন্ধ করে চলে যাব।' কারখানায় ঢুকতেও চাঁদা দিতে হয় অভিযোগ করে এ ব্যবসায়ী নেতা বলেন, 'অফিস ও রাস্তায় চাঁদা দিতে হয়। চাঁদাবাজি ও দুর্নীতি বন্ধে আমরা নতুন সরকারের কাছ থেকে কড়া বার্তা প্রত্যাশা করছি।' মূল প্রবন্ধে ডিসিসিআই সভাপতি উল্লেখ করেন, বিদ্যমান অর্থনৈতিক পরিস্থিতির বাস্তবসম্মত উন্নয়নে চারটি বিষয়ে অগ্রাধিকার দিতে হবে। প্রথমত, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন নিশ্চিত করা এবং চাঁদাবাজি সম্পূর্ণভাবে বন্ধ করা। দ্বিতীয়ত, বিনিয়োগকারীদের আস্থা ফেরাতে সরকারি খাতে দুর্নীতিমুক্ত ও স্বচ্ছ ব্যবস্থাপনা প্রতিষ্ঠা। তৃতীয়ত অগ্রাধিকার হিসেবে তিনি বলেন, যারা ইচ্ছাকৃত ঋণ খেলাপি নন, তাদের প্রয়োজনীয় 'ওয়ার্কিং ক্যাপল' (চলতি মূলধন)' সহায়তা দিয়ে পুনরায় ব্যবসায় শুরু করতে সহযোগিতা করা। আর ঋণের সুদহারকে যুক্তিসঙ্গত এবং সহনীয় পর্যায়ে নিয়ে আসা। বর্তমানে ব্যাংক সুদহার তুলনামূলক বেশি দাবি করে তিনি বলেন, 'আগামী দিনে অর্থনৈতিক নীতি নির্ধারণ ও রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণের মধ্যে আরো সমন্বয় ব্যবস্থা গড়ে উঠলে অর্থনীতি স্থিতিশীল থাকবে।' ডিসিসিআই সভাপতি বলেন, '২০২৪ সালের অগাস্টের পরও দেশে আওয়ামী সরকারের সময়ের মতোই দুর্নীতি হয়েছে। দুর্নীতি একদিনের জন্যও বন্ধ হয়নি। বরং কিছু ক্ষেত্রে বেড়েছে।' 'পুলিশ, প্রশাসন, ইনকাম ট্যাক্স অফিস সব জায়গায় দুর্নীতি ছেয়ে আছে। এগুলো বন্ধ না হলে অর্থনীতি তার কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছতে পারবে না। আর চাঁদাবাজি বন্ধ না হলে আমাদের ব্যবসা বন্ধ করে দিতে হবে।' চাঁদাবাজীর বিপক্ষে ময়মনসিংহের ত্রিশালে পরিবহন শ্রমিকরা সড়ক অবরোধ করেছে জানিয়ে তিনি বলেন, 'ব্যবসায়ী মহল চাঁদাবাজির বিরুদ্ধে। জনগণও চাঁদাবাজি চায় না।' আগের দিন মেঘনা নদী থেকে বালু উত্তোলন করার সময়ে চাঁদাবাজিকে কেন্দ্র করে গোলাগুলির ঘটনা তুলে ধরে তাসকীন আহমেদ বলেন, 'চাঁদাবাজিতে বাধা দিতে গিয়ে গোলাগুলিও হচ্ছে। জনগণ চাচ্ছে এই সরকার যেন চাঁদাবাজী বন্ধ করে।' ব্যাংক ঋণ নির্ভরতা কমাতে পুঁজিবাজারে ভালো মানের কোম্পানি তালিকাভুক্ত করার পরামর্শ দিয়ে ডিসিসিআই সভাপতি বলেন, গ্রিন চ্যানেল তৈরি করে সরকারি লাভজনক কোম্পানিকে সরাসরি তালিকাভুক্ত করা যেতে পারে। সংবাদ সম্মেলনে যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া শুল্ক চুক্তির মধ্যে ব্যবসাসংক্রান্ত ধারাগুলো প্রকাশ করার দাবি জানায় ঢাকা চেম্বার।

বরিশাল শহিদ মিনারে বাংলাদেশী সাংস্কৃতিক

করা হয়। মাহে রমজানের পবিত্রতা রক্ষার্থে ও ভাষা শহিদদের রুহের মাগফিরাতের বিষয়টি বিবেচনা করে, বরিশালের প্রায় ৪০টি সংগঠনের জোট বাংলাদেশী সাংস্কৃতিক জোট এ দিন বিকাল ৪টা থেকে শহিদ মিনারের পাদদেশে আলোচনা সভা এবং দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জাতীয়তাবাদি দল (বিএনপি)-এর কেন্দ্রিয় নির্বাহী কমিটির সদস্য, সাবেক বরিশাল জেলা বিএনপির সভাপতি এবায়েদুল হক চান, বিশেষ অতিথি ছিলেন, বরিশাল জেলা (দক্ষিণ) বিএনপির সদস্য সচিব অ্যাড. আবুল কালাম শাহিন, বরিশাল সদর উপজেলা বিএনপির আহ্বায়ক আলহাজ্জ নুরুল আমিনসহ অন্যান্য নেতৃবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশী সাংস্কৃতিক জোটের আহ্বায়ক এস এম সাব্বির নেওয়াজ সাগর। অন্যান্যের মধ্যে আরো উপস্থিত ছিলেন, বাংলাদেশী সাংস্কৃতিক জোটের সদস্য সচিব আযাদ আলাউদ্দীন, যুগ্ম আহ্বায়ক মাহবুবুল হক ও কবি পথিক মোস্তফাসহ জোটভুক্ত বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ও সদস্যগণ। অনুষ্ঠানের প্রতিক্রিয়ায় জোটের আহ্বায়ক এস এম সাব্বির নেওয়াজ সাগর বলেন, এতদিন জাতিকে বিভক্ত করার জন্য বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনা করা হয়েছে। তারা রমজানের পবিত্রতা নষ্ট করেও তারা শহিদ মিনারে সংস্কৃতির নামে নানান অপসংস্কৃতির চর্চা করেছে। এখন সময় এসেছে বাংলাদেশের সকল ধর্ম-বর্ণ, জাতি, উপজাতি নির্বিশেষে সকলকে একিভূত করে সুস্থধারার রাজনীতি চর্চা করা। উপস্থিত প্রধান অতিথিসহ বিএনপির নেতৃবৃন্দ বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান ঢাকার কেন্দ্রিয় শহিদ মিনারে ভাষা শহিদদের জন্য দোয়ার আয়োজন করে বাংলাদেশি সংস্কৃতি চর্চায় সুস্থ ধারা ফিরিয়ে এনেছেন। বরিশাল শহিদ মিনারে বাংলাদেশি সাংস্কৃতিক জোটের এবারের আয়োজনও ব্যতিক্রমী এবং প্রথম। এই ধারা অব্যাহত রেখেই সংস্কৃতি চর্চার আহ্বান জানান অতিথিবৃন্দ।

এক বছরে ইয়াবা জব্দ দ্বিগুণ বেড়েছে, ১৬ বছরে ৩২৯ গুণ

কীর্তনখোলা ডেস্ক

দেশে মাদকবিরোধী অভিযানে গত এক বছরে ইয়াবা জব্দের পরিমাণ প্রায় দ্বিগুণ বেড়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, র‍্যাব, বিজিবি ও কোস্ট গার্ডের সমন্বিত পরিসংখ্যান অনুযায়ী, এসব সংস্থার অভিযানে ২০২৪ সালে মোট দুই কোটি ২৮ লাখ ৫৭ হাজার ৭৫১ পিস ইয়াবা ট্যাবলেট জব্দ হলেও ২০২৫ সালে তা বেড়ে দাঁড়ায় চার কোটি ৩৫ লাখ ৬২ হাজার ৮১১ পিসে। শুধু সামপ্রতিক বছর নয়, দীর্ঘ সময় ধরে ইয়াবা জব্দের পরিমাণ অস্বাভাবিক হারে বাড়ছে। ২০০৯ সালে যেখানে মাত্র এক লাখ ৩২ হাজার ২৮৭ পিস ইয়াবা জব্দ হয়েছিল, সেখানে ২০২৫ সালে তা বেড়ে দাঁড়িয়েছে চার কোটি ৩৫ লাখ ৬২ হাজার ৮১১ পিসে। অর্থাৎ এই সময়ের ব্যবধানে ইয়াবা জব্দ বেড়েছে প্রায় ৩২৯ গুণের বেশি। আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর ধারাবাহিক অভিযানে বিপুল পরিমাণ ইয়াবা উদ্ধারের সঙ্গে এই বিষয়টিও স্পষ্ট হচ্ছে যে পাচারচক্রের কৌশলও বদলেছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা বলছেন, জব্দ বাড়া মানেই ইয়াবার বিস্তার কমেছে এমনটা নয়, বরং পাচারের চেষ্টা ও চাহিদা দুটিই বেড়েছে। আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর তথ্য মতে, সীমান্তবর্তী এলাকা ও বড় শহরকেন্দ্রিক বিশেষ অভিযানসহ সারা দেশ থেকে বিপুল পরিমাণ ইয়াবা উদ্ধার হওয়ায় এই উদ্বেগজনক পরিসংখ্যান সামনে এসেছে। সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, পাচারচক্রের নতুন রুট ও কৌশল পরিবর্তনের কারণে একদিকে যেমন সরবরাহের চেষ্টা বাড়ছে, অন্যদিকে কঠোর নজরদারির ফলে জব্দের সংখ্যাও বাড়ছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি) সূত্র জানায়, সীমান্ত, নদীপথ ও কুরিয়ার সার্ভিস ব্যবহার করে ইয়াবা পাচারের প্রবণতা এখনো সক্রিয়। বিশেষ করে পার্শ্ববর্তী দেশ থেকে বাংলাদেশে প্রবেশের চেষ্টা বেশি দেখা যাচ্ছে। অপরাধ বিশ্লেষকরা বলছেন, আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর সমন্বিত অভিযানে বহু চালান আটক হলেও চাহিদা থাকায় চক্রগুলো নতুন পদ্ধতি নিচ্ছে। ফলে আটকের চেয়ে বহুগুণ বেশি মাদক সেবনকারীদের হাতে চলে যাচ্ছে। অপরাধ ও সমাজ বিশ্লেষক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরী বলেন, 'এক বছরের ব্যবধানে ইয়াবা জব্দ দ্বিগুণ হওয়া যেমন কঠোর অভিযানের প্রমাণ, তেমনি এটি সতর্কসংকেতও। পাচার ও চাহিদা দুটিই এখনো সক্রিয়।' ইয়াবা জব্দ বেশি হওয়ার কারণ জানতে চাইলে ডিএনসির একজন কর্মকর্তা বলেন, ইয়াবার চাহিদা অন্য মাদকের তুলনায় নানা কারণে বেশি। এর সেবক তরুণরা বেশি, এ জন্য আমাদের নজরদারি এতে বেশি ছিল। ফলে অন্যান্য সংস্থার সঙ্গে সমন্বিত তল্লাশি, গোয়েন্দা নজরদারি বৃদ্ধি, সীমান্ত ও শহরে প্রযুক্তিনির্ভর নজরদারি বাড়ানোর কারণে ইয়াবা জব্দ তুলনামূলক বেড়েছে। জানা যায়, ইয়াবা পাচারের প্রধান উৎস সীমান্ত এলাকা হলেও সরাসরি বড় চালান আনার প্রবণতা কিছুটা কমেছে। এখন পাচারকারীরা ছোট ছোট চালানে বিভক্ত করে বিভিন্ন পথে দেশে প্রবেশ করাচ্ছে। নদীপথে ট্রলার, সড়কপথে মাছবাহী গাড়ি, এমনকি ব্যক্তিগত মোটরসাইকেল, যাত্রীবাহী বাস ব্যবহার করে ইয়াবা আনার ঘটনা বাড়ছে। সম্প্রতি দুটি বড় চালান জব্দ হয়েছে। এর মধ্যে গত শনিবার বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের ঘুমধুম ও বাইশফাঁড়ি সীমান্তে দুটি পৃথক অভিযান পরিচালনা করে তিন লাখ ৩০ হাজার পিস ইয়াবাসহ বছির আহম্মেদ (৫০) নামের এক রোহিঙ্গা নাগরিককে আটক করেছে বিজিবি। কক্সবাজার ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল এস এম খায়রুল আলম জানান, বিজিবি সীমান্ত পাহারার সঙ্গে মাদক ও চোরাচালান প্রতিরোধেও সমানভাবে প্রতিশ্রুতিবদ্ধ। ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। এর আগে গত বুধবার কক্সবাজারের হ্নীলা-হোয়াইক্যং সীমান্তে দুটি অভিযানে ৯ লাখ ৮০ হাজার পিস ইয়াবা উদ্ধার করা হয়। অভিযানের সময় সশস্ত্র মাদক কারবারিদের সঙ্গে গুলিবিনিময়ের ঘটনাও ঘটে। সীমান্ত পথের পাশাপাশি শহরভিত্তিক ক্ষুদ্র নেটওয়ার্ক, অনলাইন যোগাযোগ এবং কুরিয়ার ব্যবস্থাকে ব্যবহার করে নতুন করে বিস্তার লাভ করছে ইয়াবা বাণিজ্য। সম্প্রতি ভেজাল উপাদানে তৈরি ইয়াবার আস্তানার সন্ধানও খুঁজে বের করে ডিএনসির ঢাকা গোয়েন্দা বিভাগ। নকল ইয়াবা তৈরির আস্তানা সম্পর্কে ডিএনসির ঢাকার বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের উপপরিচালক মো. মেহেদী হাসান বলেন, 'মূলত অধিক মুনাফা ও আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর নজর এড়াতেই একটি ভাড়া বাসায় ভেজাল উপকরণে তৈরি ইয়াবা মজুদ করা হচ্ছিল। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে একজনকে গ্রেপ্তারসহ বিপুল পরিমাণ ইয়াবা জব্দ করা হয়। এ সময় ইয়াবা তৈরির ভেজাল উপকরণ এবং সরঞ্জামও উদ্ধার করা হয়।' সীমান্ত নিরাপত্তায় নিয়োজিত বিজিবির এক কর্মকর্তা জানান, বড় চালানের পরিবর্তে এখন 'মাইক্রো-সাপ্লাই চেইন' তৈরি হয়েছে। প্রতিদিন অল্প পরিমাণ ঢুকলেও মাস শেষে তা বড় সংখ্যায় পৌঁছায়। এ ছাড়া আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর সাম্প্রতিক অভিযানে দেখা যাচ্ছে, পাচারচক্রে নারী ও কিশোরদের ব্যবহার বেড়েছে। কারণ হিসেবে বলা হচ্ছে, সন্দেহ কম হয়, তল্লাশি এড়ানো সহজ ও কম পারিশ্রমিকে কাজ করানো যায়। সরেজমিন তথ্য বলছে, জব্দ বাড়লেও মাঠ পর্যায়ে ইয়াবা সেবন কমেনি। বরং কিছু এলাকায় বাড়ছে বলে অভিযোগ। বিশেষ করে শহরের তরুণসমাজে, শ্রমজীবী মানুষের একটি অংশে এর বিস্তার ঘটছে। রাত্রিকালীন পরিবেশে বিভিন্ন এলাকায় ইয়াবা সহজলভ্য। মনোরোগ বিশেষজ্ঞদের মতে, অনেকে প্রথমে কৌতূহল থেকে শুরু করে, পরে কাজের শক্তি বাড়ানোর অজুহাতে নিয়মিত সেবন করে। রাজধানীর অ্যাথেনা মানসিক ও মাদকাসক্তি চিকিৎসা কেন্দ্রের সাইকোথেরাপিস্ট নুসরাত সাবরীন চৌধুরী বলেন, 'মাদক সেবন নিয়ন্ত্রণে স্কুলগুলো এবং তরুণদের লক্ষ্য করে কাউন্সেলিং ও আলোচনাসভা কার্যকর ভূমিকা রাখতে পারে। পরিবারের সদস্যদের আচরণে হঠাৎ পরিবর্তন, অর্থের অস্বাভাবিক চাহিদা বা রাতে বাইরে থাকা এসব বিষয়ে সতর্ক থাকতে হবে। এ ছাড়া শুধু গ্রেপ্তার নয়, আসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনকেন্দ্র বাড়াতে হবে, যাতে তারা স্বাভাবিক জীবনে ফিরতে পারে।' বিশেষজ্ঞদের মতে, ইয়াবা পাচার ও সেবন নিয়ন্ত্রণে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর কঠোর অভিযান অব্যাহত রাখার পাশাপাশি সামাজিক প্রতিরোধ গড়ে তোলা জরুরি। সরকারের উদ্যোগের সঙ্গে সাধারণ মানুষের সচেতন অংশগ্রহণই পারে মাদকমুক্ত সমাজ গড়তে কার্যকর ভূমিকা রাখতে। টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্রিমিনোলজি অ্যান্ড পুলিশ সায়েন্স বিভাগের অধ্যাপক ড. উমর ফারুক বলেন, 'ইয়াবা পাচারের উৎস, অনলাইন নেটওয়ার্ক ও স্থানীয় ডেলিভারি যদি একসঙ্গে ভাঙা না যায়, তাহলে ইয়াবা পরিস্থিতি আরো জটিল হতে পারে। তাই সামাজিক সচেতনতা, পুনর্বাসন ও প্রযুক্তিনির্ভর নজরদারি একসঙ্গে বাড়ানো জরুরি।

বাউফলে তিন কেজি

বাড়িতে তল্লাশি চালিয়ে ৩ কেজি গাঁজা উদ্ধার করা হয়। পরে তাকে মাদকদ্রব্যসহ গ্রেপ্তার করা হয়। এ ঘটনায় তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। বাউফল থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. সিদ্দিকুর রহমান গ্রেপ্তারের সত্যতা নিশ্চিত করে জানান, উদ্ধারকৃত গাঁজাসহ সাহিন মল্লিককে আদালতে পাঠানো হয়েছে।

প্রশাসনের গুরুত্বপূর্ণ পদে

প্রশাসনে ব্যাপক পরিবর্তন আনে। বর্তমানে শুধু সচিব ও সমপর্যায়ের পদে অন্তত ১৫ কর্মকর্তা চুক্তিতে নিয়োগ পেয়েছেন। তারা ছাড়াও দায়িত্বে থাকা সচিবসহ জ্যেষ্ঠ কর্মকর্তাদের বড় অংশই অন্তর্বর্তী সরকারের সময়ে বিএনপির পছন্দে নিয়োগপ্রাপ্ত। ফলে এই কর্মকর্তারা বহাল থাকবেন। তৎকালীন সরকারের পছন্দে এবং জামায়াতে ইসলামী ও এনসিপির বরাতে যাদের পদায়ন হয়েছিল, তাদের সরিয়ে দেওয়া হবে। রদবদলে দুই সেনা কর্মকর্তা পররাষ্ট্রে- সরকার গঠনের পাঁচ দিনের মাথায় সেনাবাহিনীর আটটি জ্যেষ্ঠ পদে পরিবর্তন আনা হয়েছে। সেনাসদর থেকে জারি করা আদেশ অনুযায়ী, চিফ অব জেনারেল স্টাফ (সিজিএস) হিসেবে নিয়োগ পেয়েছেন লেফটেন্যান্ট জেনারেল মাইনুর রহমান। সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার (পিএসও) লেফটেন্যান্ট জেনারেল এসএম কামরুল হাসানকে রাষ্ট্রদূত নিয়োগ দিতে তাঁর চাকরি পররাষ্ট্র মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। পিএসও হিসেবে নিয়োগ পেয়েছেন মেজর জেনারেল মীর মুশফিকুর রহমান। এর আগে ২৪ পদাতিক ডিভিশনের জিওসি ছিলেন তিনি। প্রতিরক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। ডিজিএফআইয়ের মহাপরিচালক পদে আসতে যাচ্ছেন কায়সার রশিদ চৌধুরী। বর্তমানে সেনাসদরে ব্রিগেডিয়ার জেনারেলের দায়িত্বে থাকা এ কর্মকর্তা মেজর জেনারেল পদে পদোন্নতির পর যোগদান করবেন। ডিজিএফআইয়ের বর্তমান মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ জাহাঙ্গীর আলমের চাকরি পররাষ্ট্র মন্ত্রণালয়ে ন্যস্ত করা হচ্ছে। মেজর জেনারেল জেএম ইমদাদুল ইসলামকে ৫৫ পদাতিক ডিভিশন থেকে ইস্টবেঙ্গল রেজিমেন্টাল সেন্টারে (ইবিআরসি) কমান্ড্যান্ট হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। এ পদে থাকা মেজর জেনারেল ফেরদৌস হাসানকে ২৪ পদাতিক ডিভিশনের জিওসি করা হয়েছে। দিল্লির বাংলাদেশ দূতাবাসের ডিফেন্স অ্যাডভাইজার ব্রিগেডিয়ার জেনারেল মো. হাফিজুর রহমানকে মেজর জেনারেলে পদোন্নতি দিয়ে ৫৫ পদাতিক ডিভিশনের জিওসির দায়িত্ব দেওয়া হয়েছে। প্রশাসনে ১৮০ দিনের পরিকল্পনা- সচিবালয় সূত্রগুলো জানিয়েছে, ধাপে ধাপে পরিবর্তন আসবে জনপ্রশাসনে। সরকার গঠনের আগে মন্ত্রিপরিষদ সচিব এবং শপথের পর প্রধানমন্ত্রীর মুখ্য সচিব পদে বদল এসেছে। সরকারের ১৮০ দিনের পরিকল্পনা অনুযায়ী, অগ্রাধিকারের কাজে গুরুত্ব দেওয়া হচ্ছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আব্দুল বারী বলেন, সরকারের ১৮০ দিনের পরিকল্পনা আগামী দুদিনে চূড়ান্ত হবে। পদোন্নতি, পদায়ন ও বদলি হবে মেধা, দক্ষতা, যোগ্যতায়। সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, পরিবর্তন অস্বাভাবিক না হলেও আশা করেন, বিএনপি আওয়ামী লীগ সরকারের মতো দলীয়করণ করবে না, অযোগ্যদের নিয়োগ দেবে না। ইশতেহারের প্রতিশ্রুতি অনুযায়ী, 'মেরিটোক্রেসির বাংলাদেশ' বিনির্মাণে যোগ্যতাকে একমাত্র মাপকাঠি হিসেবে বিবেচনা করা হবে। কেউ যাতে অন্যায়ভাবে বঞ্চিত না হয়। নতুন সরকার গঠনের আগের তিন দিনে মন্ত্রিপরিষদ সচিব শেখ আবদুর রশীদ এবং প্রধান উপদেষ্টার মুখ্য সচিব এম সিরাজ উদ্দিন মিয়া সরে যান। চুক্তিতে থাকা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব নাসিমুল গনিকে মন্ত্রিপরিষদ সচিব হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব হয়েছেন এ বি এম আবদুস ছাত্তার। তিনি বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া এবং চেয়ারম্যান তারেক রহমানের একান্ত সচিব ছিলেন। রদবদলের আলোচনায় যারা- শূন্য থাকা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব কাকে নিয়োগ দেওয়া হবে- এ আলোচনা চলছে কয়েক দিন ধরে। জানা গেছে, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ যাকে চাইবেন, তিনি নিয়োগ পাবেন। পরিকল্পনা কমিশনের সদস্য (জ্যেষ্ঠ সচিব) ড. মো. মোখলেস উর রহমান ও এম এ আকমল হোসেন আজাদ, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব মমতাজ আহমেদ, জনপ্রশাসন মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব এহছানুল হক, নির্বাচন কমিশনের জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ, জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান (জ্যেষ্ঠ সচিব) মকসুমুল হাকিম চৌধুরী, প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব ড. নেয়ামত উল্লাহ ভূঁইয়া, ভূমি মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব এ এস এম সালেহ আহমেদসহ চুক্তিতে নিয়োগ পাওয়া কর্মকর্তাদের রদবদলের আলোচনাও রয়েছে সচিবালয়ে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন; কৃষি, প্রতিরক্ষা, অর্থ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, স্থানীয় সরকার, রেলপথ, জ্বালানি ও খনিজসম্পদ, স্বাস্থ্যসেবা এবং গৃহায়ন ও গণপূর্ত সচিব পদে রদবদলের আলোচনা চলছে। অন্তর্বর্তী সরকার প্রথম ছয় মাসে জ্যেষ্ঠ সচিব, সচিব এবং সচিব মর্যাদার ১৯ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছিল। জ্যেষ্ঠ সচিব, সচিব, সচিব মর্যাদার ২৫ এবং অতিরিক্ত সচিব পর্যায়ের ৫১ কর্মকর্তাকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করে। এরপর বিভিন্ন পর্যায়ের আরও কয়েকজন কর্মকর্তাকে ওএসডি করে। গত মঙ্গলবার প্রধানমন্ত্রীর সচিব ও জ্যেষ্ঠ সচিবদের সভায় জানিয়ে দেন, পদায়ন ও বদলিতে রাজনৈতিক সংশ্লিষ্টতা বিবেচনা করবে না সরকার। পুলিশে পরিবর্তনের আভাস- অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর পুলিশ মহাপরিদর্শক (আইজিপি), র?্যাব মহাপরিচালক ও ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার পদে পরিবর্তন আনে। আইজিপি এবং ডিএমপি কমিশনার পদে বিএনপিপন্থি হিসেবে পরিচিত অবসরপ্রাপ্ত দুই কর্মকর্তাকে ফিরিয়ে এনে দুই বছরের চুক্তিতে নিয়োগ দেয়। চুক্তির মেয়াদ শেষ হওয়ার আগেই রদবদল হতে পারে। সাংবাদিকদের প্রশ্নে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বলেছেন, পুলিশের শীর্ষ পর্যায়ে শিগগির পরিবর্তন আসতে পারে। বাহারুল আলমের চুক্তি বাতিল হলে আইজিপি পদে কে আসতে পারেন- এ নিয়ে আলোচনায় রয়েছেন বিসিএস ১২ ব্যাচের কর্মকর্তা হাইওয়ে পুলিশের অতিরিক্ত আইজি দেলোয়ার হোসেন মিঞা, আর্মড পুলিশ ব্যাটালিয়নের অতিরিক্ত আইজি আলী হোসেন ফকির, র?্যাবের মহাপরিচালক এ কে এম শহিদুর রহমান, চট্টগ্রাম মেট্রোপলিটনের কমিশনার হাসিব আজিজ, রেলওয়ে পুলিশের প্রধান ব্যারিস্টার জিল্লুর রহমান, সদরদপ্তরের অতিরিক্ত আইজি এ কে এম আওলাদ হোসেন, সিআইডির প্রধান ছিবগাত উল্লাহ, অবসরে যাওয়া অতিরিক্ত আইজিপি মতিউর রহমান শেখ, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার সমন্বয়ক আনসার উদ্দিন খান পাঠান ও অতিরিক্ত আইজি মোসলেহ্ উদ্দিন আহমদ। ডিএমপি কমিশনার হিসেবে র?্যাবের অতিরিক্ত মহাপরিচালক ফারুক আহমেদ, সাবেক একজন পুলিশ কর্মকর্তার নাম আলোচনায় রয়েছে। সূত্র জানিয়েছে, পদোন্নতি বা চুক্তিতে নিয়োগ পেতে অনেকে চেষ্টা করছেন। তবে স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, যোগ্যতার ভিত্তিতে নিয়োগ হবে। কাউকে বিশেষ সুবিধা দেওয়ার এখতিয়ার সরকারের নেই। সম্প্রতি আইজিপি বাহারুল আলম সহকর্মীদের খুদে বার্তা পাঠান। আইজিপির এমন খুদে বার্তা বিদায়ের সুর কিনা- এমন জোরালো গুঞ্জন আছে। পুলিশের একাধিক কর্মকর্তা বলেন, গণঅভ্যুত্থানের পর পুলিশি কার্যক্রম পুরোপুরি ভেঙে পড়ে। মব ও বাধায় আইনশৃঙ্খলার আশানুরূপ উন্নতি হয়নি। নতুন সরকার তড়িঘড়ি করে ঢালাও রদবদল না করে পরিস্থিতির আরও কীভাবে উন্নতি করা যায়, সেভাবে এগোচ্ছে। 'কেস টু কেস' রদবদল করতে পারে সরকার। পদ হারানোর ভয়ে উপাচার্যরা- আওয়ামী লীগ সরকারের পতনের পর ৪৮ পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদত্যাগ করেন। অন্তর্বর্তী সরকার অধিকাংশ বিশ্ববিদ্যালয়ে বিএনপির পছন্দে উপাচার্য, উপ-উপাচার্যসহ শীর্ষ পদগুলোতে নিয়োগ দেয়। কয়েকজন উপাচার্য নিয়োগ পান জামায়াতের তালিকা থেকে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান ইতোমধ্যে পদত্যাগ করেছেন। শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলনের সঙ্গে দেখা করে পদত্যাগপত্র দেন। উপাচার্যের পদত্যাগপত্র গ্রহণ করে সঙ্গে সঙ্গেই তাঁকে 'বিদায়ী শুভেচ্ছা' লেখা ফুলের তোড়া তুলে দেন মন্ত্রী। অন্তর্বর্তী সরকারের নিয়োগ দেওয়া ৫৬ জন উপাচার্যের বেশি বিএনপির শিক্ষক রাজনীতিতে যুক্ত। যদিও গত বছর ছাত্র সংসদ নির্বাচনে ভরাডুবির পর বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছিলেন, দেশের ১৬টি বিশ্ববিদ্যালয়ে ভিসি জামায়াতের। শিক্ষক রাজনীতির তথ্য বিশ্লেষণে দেখা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বেশির ভাগ প্রকৌশল এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভিসিরা জামায়াত সমর্থক শিক্ষক রাজনীতিতে যুক্ত। তাদের সরাতে পারে নতুন সরকার। আবার দুটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিএনপিপন্থি হলেও, ছাত্র সংসদ নির্বাচনে তাদের ভূমিকায় দলটি নাখোশ। এর বাইরে রাজধানীর প্রকৌশলসংশ্লিষ্ট একটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকেও অপসারণ করা হতে পারে। তিনি আওয়ামী লীগ আমলে ভিসি প্যানেলে ছিলেন এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের খণ্ডকালীন সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। নিয়োগ-সংক্রান্ত প্রজ্ঞাপন পর্যালোচনায় দেখা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ দেওয়া হয় সাময়িকভাবে। বাকি ৫২টি বিশ্ববিদ্যালয়ে চার বছরের জন্য উপাচার্যদের নিয়োগ দেওয়া হয়। তবে যে কোনো নিয়োগ রাষ্ট্রপতি নিয়োগ বাতিল করতে পারবেন- এমন শর্ত সংযুক্ত রয়েছে প্রজ্ঞাপনে। একাধিক ভিসি সঙ্গে আলাপে বলেছেন, ক্যাম্পাসে রাজনৈতিক বাস্তবতা পরিবর্তনে পদ টিকিয়ে রাখা কঠিন হতে পারে। একজন উপাচার্য বলেন, বিএনপি ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে জ্যেষ্ঠ সহকর্মীদের সবাই উপাচার্য হতে তদবির শুরু করেছেন। এতে ক্যাম্পাসে অস্থিরতা শুরু হয়েছে। আরেকজন উপাচার্য বলেন, নিয়োগ প্রক্রিয়া অরাজনৈতিক হয়নি; দায়িত্ব গ্রহণের পরও নানা রাজনৈতিক চাপ মোকাবিলা করতে হয়েছে। বিরূপ পরিস্থিতি হলে মেয়াদ থাকা সত্ত্বেও দায়িত্ব ছাড়ার বিষয় বিবেচনা করতে পারেন। দায়িত্ব অব্যাহত রাখার কথা বলেছেন একাধিক উপাচার্য। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেন, ব্যক্তিগত অভিলাষে নয়, দেশ ও বিশ্ববিদ্যালয়ের স্বার্থে দায়িত্ব নিয়েছেন। গণতান্ত্রিক উত্তরণের পর শিক্ষা খাতে ইতিবাচক কাজের সুযোগ তৈরি হয়েছে। গত দেড় বছরে কয়েকটি বিশ্ববিদ্যালয়ে নিয়োগ ও পদোন্নতি নিয়ে বিতর্কও তৈরি হয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে উপাচার্য ও দুই উপ-উপাচার্যের বিরুদ্ধে স্বজনপ্রীতির অভিযোগ তুলে আন্দোলন করেন শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইয়াহ্ইয়া আখতার বলেন, তাদের লক্ষ্য একাডেমিক মানোন্নয়ন ও গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করা; রাজনৈতিক বিতর্কে জড়ানোর ইচ্ছা নেই। এদিকে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) প্রকাশিত এক গবেষণা প্রতিবেদনে দাবি করা হয়েছে, অভ্যুত্থান-পরবর্তী সময়ে উপাচার্য নিয়োগে বড় দুটি রাজনৈতিক দলের প্রভাব ছিল এবং বিভিন্ন ক্ষেত্রে 'জনতার চাপ'ও কাজ করেছে। কয়েকজন উপাচার্য নির্বাচনী প্রচারের কর্মসূচিতে উপস্থিত ছিলেন। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিএনপির জনসভায় উপস্থিত ছিলেন। জবি প্রতিনিধি জানান, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ভিসি অধ্যাপক ড. মো. রেজাউল করিম বিএনপির শিক্ষক রাজনীতিতে যুক্ত। ২০২২ সালের অক্টোবরে অবসরের আগে তিনি বিএনপিপন্থি সাদা দলের বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন। তবে অন্তর্বর্তী সরকারের নিয়োগপ্রাপ্ত হওয়ায় সাদা দলের কয়েকজন শিক্ষক তাঁকে সরাতে দৌড়ঝাঁপ শুরু করেছেন। তবে উপাচার্য বলেন, সরাসরি পদত্যাগের চাপ না দিলেও বিভিন্ন মাধ্যম জানানো হচ্ছে। জাবি প্রতিনিধি জানান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক কামরুল আহসান বিএনপির নির্বাচনী কার্যক্রমে যুক্ত ছিলেন। তবে জাকসু নির্বাচনের কারণে তাঁর প্রতি নাখোশ জাতীয়তাবাদী শিক্ষক ফোরামের একাংশ। শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মো. সোহেল রানা বলেন, 'উপাচার্য পরিবর্তন নিয়ে আমাদের মাথাব্যথা নেই। তবে রদবদল যেন নির্বাচনের মাধ্যমে নিয়মতান্ত্রিক উপায়ে হয়।' উপাচার্য হওয়ার দৌড়ে রয়েছেন ফার্মাসি বিভাগের অধ্যাপক মাফরুহী সাত্তার, পরিবেশবিজ্ঞান বিভাগের অধ্যাপক জামাল উদ্দিন রুনু, দর্শন বিভাগের অধ্যাপক মোস্তফা নাজমুল মানসুর, বাংলা বিভাগের অধ্যাপক শামীমা সুলতানা ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক নুরুল ইসলাম। রাবি প্রতিনিধি জানান, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মাঈন উদ্দীন বাংলাদেশ জামায়াতের রাজনীতিতে যুক্ত থাকায় পদত্যাগ করতে পারেন বলে বিশ্ববিদ্যালয়ে আলোচনা রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বশীল সূত্র জানায়, সরকার অতি আগ্রহী হয়ে উপাচার্যদের অপসারণ করতে চায় না। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ইমেরিটাস ড. মনজুর আহমেদ বলেন, রাজনৈতিক বিবেচনায় উপাচার্য নিয়োগ ও অপসারণ বিশ্ববিদ্যালয়গুলোকে ক্ষতিগ্রস্ত করেছে। অভিযোগ থাকলে তা নিরপেক্ষ তদন্তের মাধ্যমে নিষ্পত্তি হওয়া উচিত। কেবল রাজনৈতিক পরিচয়ের ভিত্তিতে রদবদল কাম্য নয়।

ঝালকাঠিতে স্বামীর নির্যাতনে

ছাড়পত্র নিতে বাধ্য হন স্বজনরা। পরে বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলেও প্রয়োজনীয় ওষুধ ও চিকিৎসা ব্যয় জোগাতে না পেরে শেষ পর্যন্ত তাকে বাড়িতে ফিরিয়ে আনা হয়। পুনরায় তাকে আবার বরিশালের শের-ই-বাংলা হাসপাতালে ভর্তি করা হয়। সুখি স্থানীয় মজিদ হাওলাদারের মেয়ে। কয়েক বছর আগে ভান্ডারিয়ার মো. হাসানের সঙ্গে তার বিয়ে হয়। তাদের চার বছর বয়সী একটি ছেলে সন্তান রয়েছে। অগ্নিদগ্ধ সুখি আক্তার বলেন, বিয়ের পর থেকেই আমাকে বিভিন্নভাবে চাপ দিত। অস্বাভাবিক ও অপমানজনক কাজ করতে বাধ্য করতো। রাজি না হলে মারধর করতো। অনেকবার বলেছি আমি এসব পারি না। সে বলতো, কাউকে বললে আমাকে মেরে ফেলবে। পরে জানতে পারি সে আরেকটা বিয়ে করেছে। এরপর থেকে আমার ওপর অত্যাচার আরও বেড়ে যায়। অপমান, নির্যাতন আর সহ্য করতে না পেরে আমি নিজের শরীরে আগুন দেই। সুখির বোন মিতু আক্তার বলেন, আপা আমাদের সাথে ফোনে কথা বলার সময় কাঁদত। বলতো- ওকে অস্বাভাবিক কাজ করতে বাধ্য করা হয়। না মানলে মারধর করা হয়। আমরা ভেবেছিলাম সংসারের ঝগড়া, কিন্তু বিষয়টা এতটা ভয়াবহ বুঝতে পারিনি। সুখির চাবি রেবা বেগম বলেন, হাসপাতালে গিয়ে দেখি মুখ ছাড়া শরীরের প্রায় সব জায়গা পুড়ে গেছে। ডাক্তাররা বলেছেন ৯০ শতাংশ দগ্ধ। ওর অবস্থা খুবই সংকটাপন্ন। ??সুখির মা শামসুন্নাহার বলেন, আমার মেয়েটা বাঁচতে চায়। কিন্তু টাকার অভাবে ঠিকমতো চিকিৎসা করাতে পারছি না। আমরা প্রশাসনের কাছে বিচার চাই, আর মেয়ের চিকিৎসার ব্যবস্থা চাই। ?অভিযোগের বিষয়ে জানতে চাইলে স্বামী মো. হাসান বলেন, আমার বিরুদ্ধে যে অভিযোগ আনা হচ্ছে তা সঠিক না। আমাদের মধ্যে পারিবারিক ঝামেলা ছিল, কিন্তু আমি তাকে নির্যাতন করিনি এবং দ্বিতীয় বিয়েও করিনি।

গভীর সমুদ্রে ডাকাতের

জানা গেছে, তারা একটি ইঞ্জিনচালিত ট্রলারে মাছ ধরছিলেন। ট্রলারটির মালিক দুলাল হাওলাদার, যার বাড়ি কালমেঘা ইউনিয়নের পশ্চিম গুটাবাছা এলাকায়। নুর আলম খান জানান, মংলা বয়ার পশ্চিম দিকে তারা মাছ ধরছিলেন। সকাল আনুমানিক ৬টার দিকে হঠাৎ একটি ট্রলার তাদের দিকে ধাওয়া করে। কাছে আসতেই বুঝতে পারেন, সেটি একটি সশস্ত্র ডাকাত দলের ট্রলার। পরিস্থিতি বেগতিক দেখে তারা নিরুপায় হয়ে জাল কেটে দেন এবং দ্রুতগতিতে ট্রলার চালিয়ে সরে যাওয়ার চেষ্টা করেন। কিন্তু ডাকাত দল তাদের লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি ছোড়ে। প্রায় ৩০ থেকে ৪০ রাউন্ড গুলিবর্ষণ করা হয় বলে জানান নুর আলম খান। এ সময় তিনি নিজে পিঠে গুলিবিদ্ধ হন এবং একই ট্রলারে থাকা শাহজাহান চোখে গুলিবিদ্ধ হন। ট্রলারটিতে মোট ১৪ জন জেলে ছিলেন। নুর আলমের ধারণা, ডাকাত দলের ট্রলারটিতে ১০ থেকে ১২ জন অস্ত্রধারী ছিল। তাদের ট্রলারটি ধরতে ব্যর্থ হয়ে এক পর্যায়ে ডাকাত দল সরে যায়। পরে আহতদের নিয়ে তারা ট্রলার চালিয়ে মহিপুর স্বাস্থ্য কমপ্লেক্সে পৌঁছে প্রাথমিক চিকিৎসা নেন। নুর আলম খান আরও জানান, গত দুই মাস ধরে গভীর সমুদ্রে ডাকাতির ঘটনা আশঙ্কাজনকভাবে বেড়েছে। এই পরিস্থিতিতে জেলেদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। তিনি বলেন, এভাবে চলতে থাকলে আমরা আর গভীর সমুদ্রে নিরাপদে মাছ শিকার করতে পারব না।

উজিরপুরে সড়ক দুর্ঘটনায়

উজিরপুর মডেল থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে। পুলিশের প্রাথমিক সুরতহাল প্রতিবেদনে দেখা গেছে, নিহত ব্যক্তির কপাল, চোখের বাম পাশ, ডান হাত ও বাম পায়ে গুরুতর আঘাতের চিহ্ন রয়েছে। উজিরপুর মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ রাকিবুল ইসলাম জানান, নিহতের পরিচয় শনাক্তে সর্বোচ্চ চেষ্টা চলছে। পাশাপাশি দুর্ঘটনায় জড়িত যানবাহন চিহ্নিত করতে তদন্ত অব্যাহত রয়েছে। ঘটনাস্থল পরিদর্শন করেছে থানা পুলিশ ও হাইওয়ে পুলিশ। পরবর্তী আইনগত প্রক্রিয়ার জন্য মরদেহ হাইওয়ে থানার পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। বর্তমানে যান চলাচল স্বাভাবিক রয়েছে।

তজুমদ্দিনে বাকপ্রতিবন্ধী

কীর্তনস্থলের পাশের একটি নির্জন স্থানে নিয়ে তার মুখ চেপে ধরে এবং জোরপূর্বক চেতনানাশক ওষুধ খাওয়ানো হয়। পরবর্তীতে একটি সুপারি বাগানে নিয়ে তাকে দল বেধে ধর্ষণ করা হয় বলে অভিযোগ করেন তিনি। তিনি আরও জানান, রাতের শেষভাগে জ্ঞান ফিরলে নিজেকে রক্তাক্ত অবস্থায় দেখতে পান। পরে তার চিৎকারে স্থানীয়রা এগিয়ে এলে অভিযুক্তরা পালিয়ে যায়। স্থানীয়রা তাকে উদ্ধার করে তজুমদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য ভোলা সদর হাসপাতালে রেফার করেন। ভোলা সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক তৈয়বুর রহমান বলেন, “রোগীকে গুরুতর রক্তক্ষরণ অবস্থায় হাসপাতালে আনা হয়। প্রয়োজনীয় প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থা নেওয়া হয়েছে।” অতিরিক্ত পুলিশ সুপার ইব্রাহীম বলেন, “খবর পেয়ে পুলিশ হাসপাতালে গিয়ে ভুক্তভোগীর রক্তমাখা পোশাক আলামত হিসেবে জব্দ করেছে। ভিকটিমের বর্ণনা অনুযায়ী একজনকে আটক করা হয়েছে। বাকিদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।” তিনি আরও বলেন, এ ঘটনায় জড়িতরা স্থানীয় অটোচালক বলে প্রাথমিকভাবে জানা গেছে এবং তাদের কোনো রাজনৈতিক সম্পৃক্ততার তথ্য পাওয়া যায়নি।

বিশ্ববিদ্যালয়ে বিভাগের চেয়ারম্যানের

প্রক্টর প্রফেসর ড. আলী আজগরের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটেছে। গতকাল সোমবার (২৩ ফেব্রুয়ারি) বিশ্ববিদ্যালয়ের এএনএসভিএম অনুষদের একাডেমিক ভবন-২-এর সামনে কম্বাইন্ড ডিগ্রি ইস্যুতে আন্দোলনরত শিক্ষার্থীদের সামনে এই ঘটনা ঘটেছে। জানা যায়, কম্বাইন্ড ডিগ্রি সংক্রান্ত আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে এনিমেল হাজবেন্ড্রি (এএইচ) ডিসিপ্লিনের শিক্ষকরা অনুষদের লেভেল-৪ সেমিস্টার-১ ও লেভেল-১ সেমিস্টার-২-এর শিক্ষার্থীদের ক্লাস-পরীক্ষা না নেওয়ার সিদ্ধান্ত নেন। এ পরিপ্রেক্ষিতে শিক্ষার্থীরা ডিন ভবন ঘেরাও করে ডিন বরাবর পরীক্ষা নেওয়ার জন্য লিখিত আবেদন দেন। এরপর উত্তেজিত শিক্ষার্থীরা একাডেমিক ভবন-২-এর দিকে অগ্রসর হয়ে অনুষদের কেন্দ্রীয় মাঠে অবস্থান নেয়। শিক্ষার্থীদের তীব্র ক্ষোভের পরিপ্রেক্ষিতে এএইচ ডিসিপ্লিনের শিক্ষকরা একাডেমিক ভবনের সামনে এসে জড়ো হন এবং বিশ্ববিদ্যালয় প্রক্টর ও ডিনকে বিষয়টি সম্পর্কে অবহিত করেন। পরবর্তীতে অনুষদের ডিন প্রফেসর ড. খোন্দকার জাহাঙ্গীর আলম এবং সহকারী প্রক্টর প্রফেসর ড. আলী আজগর ঘটনাস্থলে শিক্ষকদের সামনে উপস্থিত হন। এ সময় উপস্থিত সকল শিক্ষার্থী ও শিক্ষকদের সামনে জেনারেল এনিম্যাল সায়েন্স অ্যান্ড এনিম্যাল নিউট্রিশন বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ শাহবুবুল আলম ও বিশ্ববিদ্যালয় প্রক্টর প্রফেসর ড. আলী আজগরের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে বিষয়টি হাতাহাতির পর্যায়ে চলে যায়। এ বিষয়ে জানতে চাইলে জেনারেল এনিম্যাল সায়েন্স অ্যান্ড এনিম্যাল নিউট্রিশন বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ শাহবুবুল আলম বলেন, শিক্ষকদের ভেতরে রেখে কয়েকজন ছাত্র একাডেমিক বিল্ডিংয়ে তালা দিতে আসে। পরবর্তীতে আমি সহকারী প্রক্টরকে ফোন দিলে তাকে পাওয়া যায়নি। এরপর ডিন স্যারকে কল দেওয়ার পর তারা আসলে সহকারী প্রক্টরের সঙ্গে আমার বাকবিতণ্ডা হয়। তবে আমরা বিষয়টি পরবর্তীতে সমাধান করে নিয়েছি। সহকারী প্রক্টর প্রফেসর ড. আলী আজগর বলেন, ডিন অফিসে কম্বাইন্ড ডিগ্রির শিক্ষার্থীদের সঙ্গে আমরা কথা বলেছিলাম। কিছু সংখ্যক শিক্ষার্থী ডিন অফিস থেকে একাডেমিক ভবনের দিকে যায়। তাদের মধ্যে একজন তালা লাগানোর কথা বললে অধ্যাপক শাহবুবুল আমাকে ফোন দেন। আমি ব্যস্ত থাকায় কল ধরতে পারিনি। পরবর্তীতে ঘটনাস্থলে আসার পরে তিনি আমার সঙ্গে উচ্চস্বরে কথা বলেন, আমিও কিছুটা উত্তেজিত হই। পরে তিনি প্রকাশ্যে আমার কাছে দুঃখ প্রকাশ করেন। বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. এস এম হেমায়েত জাহান বলেন, বিষয়টি আমি শুনেছি। এটি একটি অনাকাঙ্ক্ষিত ঘটনা ছিল। পরবর্তীতে খোঁজ নিয়ে জেনেছি, তারা বিষয়টি নিজেদের মধ্যে সমাধান করে নিয়েছেন।

ভাণ্ডারিয়ায় বহিষ্কৃত ছাত্রদল

যুবদলের সদস্যসচিব জাহিদুল ইসলাম রনি মোল্লা, পিরোজপুর জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মো. রক্সি সিকদার, উপজেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক রিয়াজুল ইসলাম শাহিরাজ, পৌর বিএনপির ৬ নম্বর ওয়ার্ড সভাপতি আবুল কালাম মল্লিক, ইসলামী আন্দোলন বাংলাদেশ-এর ভাণ্ডারিয়া পৌর সেক্রেটারি হেমায়েত মোল্লা, ব্যাবসায়ী আব্দুল হাই মৃধা প্রমুখ। বক্তারা বলেন, বহিষ্কৃত ছাত্রদল নেতা উজ্জ্বল, তার ভাই চঞ্চল, ভাগিনা তালিব, রতনসহ একটি সংঘবদ্ধ চক্র দীর্ঘদিন ধরে এলাকায় মাদক কারবার, চাঁদাবাজি, জমি ও দোকান দখল, নারীদের উত্ত্যক্ত করা, হিন্দু সম্প্রদায়ের মানুষকে হয়রানিসহ বিভিন্ন অপরাধ কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। অভিযুক্তরা প্রভাব খাটিয়ে এলাকায় ভীতিকর পরিবেশ সৃষ্টি করছে। এ ব্যাপারে অবিলম্বে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন বক্তারা। কর্মসূচিতে বিভিন্ন শ্রেণি পেশার মানুষ অংশ নেয়। এ ব্যাপারে ভাণ্ডারিয়া উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মো. আবুল কালাম বলেন, 'নানা অভিযোগে অভিযুক্ত মাহফুজুল ইসলাম উজ্জ্বলকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। তার কর্মকাণ্ডের দায় দল নেবে না।'

তালতলীতে বিদ্যুৎস্পৃষ্টে

ও ছেলে ছুটে এসে ডাকাডাকি শুরু করলে প্রতিবেশীরা এসে তাকে উদ্ধার করে তালতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তালতলী থানার অফিসার ইনচার্জ (ওসি) আসাদুর রহমান জানান, খবর পেয়ে হাসপাতালে পুলিশ পাঠানো হয়েছে। বিস্তারিত জেনে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

নির্দোষদের হয়রানি নয়, অপরাধীদের

ট্রাইব্যুনালের নতুন চিফ প্রসিকিউটর হিসেবে দায়িত্ব নেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন আমিনুল ইসলাম। চিফ প্রসিকিউটর বলেন, আজ আমি দায়িত্ব পেলাম। ট্রাইব্যুনালের সব কার্যক্রম দেখবো। পাশাপাশি বিচারের সম্মুখীন ব্যক্তিদের উদ্দেশ্যে স্পষ্ট বার্তা দিয়ে তিনি বলেন, যারা কোনো অন্যায় করেননি তারা প্রসিকিউশনের মাধ্যমে কোনো ধরনের হয়রানির শিকার হবেন না। তবে প্রকৃত অপরাধীদের অবশ্যই প্রাপ্য সাজা পেতে হবে। তিনি বলেন, এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব। জুলাই বিপ্লবের শহীদ ও আহতদের আকাঙ্ক্ষা অনুযায়ী নিজের কর্তব্য যেন পালন করতে পারি, সে চেষ্টা করবো। একই সঙ্গে দক্ষতা, মেধা ও জ্ঞান দিয়ে মামলাগুলো পরিচালনার চেষ্টা করবো। এজন্য সবার সহযোগিতা চাই। বিচারের গতি আরও বাড়ার প্রত্যাশা রেখে আমিনুল ইসলাম বলেন, চলমান বিচারের গতি কমার সুযোগ নেই। বরং প্রসিকিউশনের মাধ্যমে এ গতি আরও বাড়বে। কারণ দেশের গতি বাড়ানোর জন্যই ক্ষমতায় এসেছে দলীয় সরকার।

চাঁদা না দেওয়ায় ফল ব্যবসায়ীকে

আসছিলেন। তিনি চাঁদা দিতে অস্বীকৃতি জানালে তার কলেজপড়ুয়া ছেলে ঋত্বিক দাস মাদকের সঙ্গে জড়িত এমন অভিযোগ তুলে তাকে বিভিন্নভাবে হয়রানি করা শুরু হয়। বিষয়টি নিয়ে এলাকায় চাপ সৃষ্টি করা হচ্ছিল বলেও অভিযোগ করেন তিনি। নির্মল দাস বলেন, রোববার (২২ ফেব্রুয়ারি) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে পশ্চিম সুবিদখালী এলাকার নিজ বাসা থেকে দোকানে যাওয়ার পথে সুজন সিকদার ও তার সহযোগীরা তার পথরোধ করেন। এসময় পুনরায় চাঁদার টাকা দাবি করা হলে তিনি অপারগতা প্রকাশ করেন। এতে ক্ষিপ্ত হয়ে সুজন সিকদার, আব্বাস সিকদার, ইব্রাহীমসহ ৭-৮ জন তাকে এলোপাথাড়ি মারধর করেন। বিষয়টি কাউকে জানালে প্রাণনাশের হুমকি দেওয়া হয়। এ ঘটনায় রোববার রাত ১১টার দিকে মামলা করেন ভুক্তভোগী। মামলায় সুজন সিকদারকে প্রধান আসামি করে তিনজনের নাম উল্লেখ করা হয়। সংবাদ সম্মেলনে নির্মল দাস বলেন, 'আমি দীর্ঘদিন ধরে সুনামের সঙ্গে ব্যবসা করে আসছি। বর্তমানে আমি ও আমার পরিবার চরম নিরাপত্তাহীনতায় ভুগছি। সাংবাদিকদের মাধ্যমে এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার চাই।' তবে চাঁদা দাবির অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন বলে দাবি করেন সুজন সিকদার। তিনি বলেন, 'নির্মল দাসের ছেলে ঋত্বিক দাস মাদকসেবীদের সঙ্গে চলাফেরা করেন। তাকে মাদকসেবীদের সংস্পর্শ থেকে দূরে রাখতে বলায় ক্ষুব্ধ হয়ে তার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনা হয়েছে।' সুজন সিকদার আরও বলেন, 'কোনো পরিকল্পিত মারধরের ঘটনা ঘটেনি। কথা-কাটাকাটির একপর্যায়ে সামান্য হাতাহাতি হয়েছে।' মির্জাগঞ্জ উপজেলা বিএনপির সভাপতি সাহাবুদ্দিন নান্নু বলেন, 'অন্যায়কারী ব্যক্তি বা গোষ্ঠীকে কোনো ধরনের প্রশ্রয় দেওয়া হবে না। অভিযোগের বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনীকে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানো হয়েছে।' এ বিষয়ে মির্জাগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আবদুস ছালাম বলেন, 'ব্যবসায়ীকে মারধরের অভিযোগে একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করা হচ্ছে। চাঁদা দাবির অভিযোগ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয় তদন্ত শেষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।'

বাকেরগঞ্জে ডাকাতি করে কুরআন ছুঁইয়ে

তারা কোরআন শরীফ ছুঁইয়ে শপথ করায়, যাতে ঘটনাটি কোথাও প্রকাশ না করা হয়। এমনকি বিষয়টি জানালে হত্যা করা হবে বলেও হুমকি দেওয়া হয়েছে বলে জানান ভুক্তভোগীরা। এতে পরিবারটি চরম আতঙ্কে রয়েছে এবং জীবনের নিরাপত্তা চেয়ে প্রশাসনের সহযোগিতা কামনা করেছে। এ বিষয়ে বাকেরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কে এম সোহেল রানা বলেন, 'ডাকাতির খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। বিষয়টি তদন্তাধীন রয়েছে। জড়িতদের আইনের আওতায় আনা হবে।'

দ্রুত, হয়রানিমুক্ত সেবা পৌঁছে দেওয়া

জানান। সভাপতির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ইব্রাহিম বলেন, উপজেলা প্রশাসন সর্বদা জনবান্ধব ও জবাবদিহিমূলক সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি দাপ্তরিক কার্যক্রমে শৃঙ্খলা, স্বচ্ছতা ও সমন্বয় বজায় রেখে সরকারের উন্নয়ন পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে সকল কর্মকর্তার সহযোগিতা কামনা করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. মেহেদী হাসান, অতিরিক্ত পুলিশ সুপার (গৌরনদী সার্কেল) মো. আবু সালেহ, গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা তারিক হাসান রাসেল এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. পলাশ সরকার। এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) বরিশাল জেলা (উত্তর) এর আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা দেওয়ান মোহাম্মদ শহিদুল্লাহ, সদস্য সচিব মিজানুর রহমান খান মুকুল, গৌরনদী উপজেলা আহ্বায়ক সৈয়দ সরোয়ার আলোম বিপ্লব, সদস্য সচিব শরীফ জহির সাজ্জাদ হান্নান, জেলা বিএনপির সদস্য রফিকুল ইসলাম কাজল, জেলা বিএনপির সদস্য ও গৌরনদী প্রেসক্লাবের সভাপতি সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহির, উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক বদিউজ্জামান মিন্টু, পৌর বিএনপির ভারপ্রাপ্ত আহ্বায়ক শরীফ শফিকুর রহমান স্বপন, গৌরনদী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এস এম জুলফিকার, সদস্য সাংবাদিক সোলায়মান তুহিন, মো. লিটন খান, পৌর বিএনপির সাবেক আহ্বায়ক জাকির শরীফ, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক সাইয়েদুল আলম খান সেন্টু সহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা সমবায় কর্মকর্তা আফসানা শাখি। সভা শেষে দেশ ও জাতির কল্যাণ কামনায় দোয়া অনুষ্ঠিত হয় এবং ইফতার মাহফিলে অংশগ্রহণ করেন অতিথিবৃন্দ।

নারীকে মারধরের ভিডিও

ভিডিও ভাইরাল হওয়ার পর মুন্নাকে সংগঠন থেকে বহিষ্কার করেছে ছাত্রদল। রোববার রাতে পিরোজপুর জেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক খালিদ হাসান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে মুন্নাকে সংগঠনের প্রাথমিক সদস্য পদসহ সকল সাংগঠনিক পদ থেকে আজীবনের জন্য বহিষ্কার করা হয়েছে বলে জানানো হয়েছে। দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে জেলা ছাত্রদলের সভাপতি সালাউদ্দিন তালুকদার কুমার ও সাধারণ সম্পাদক মাহামুদ হাসান শাহীনের এ বহিষ্কার আদেশ অনুমোদন করেছে বলে উল্লেখ করা হয়েছে।

জনস্বার্থবিরোধী কিছু হলেই আমরা

ফেব্রুয়ারি) দুপুরে পিরোজপুর সদর উপজেলার বিভিন্ন দফতরের কর্মকর্তা ও সুধীজনদের সঙ্গে মতবিনিময় সভায় মাসুদ সাঈদী এসব কথা বলেন। তিনি বলেন, 'আমরা দুটি দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি এবং বাংলাদেশ জামায়াতে ইসলামী একসঙ্গে প্রায় ২৫ বছর পথ চলেছি। রাজনৈতিক পটপরিবর্তনের পর দুটি দল দুটি মেরুতে গেছে। তারা আলাদাভাবে নির্বাচন করেছে, তাদের মেনিফেস্টো আলাদা ছিল এবং জনগণের কাছে তাদের বক্তব্যও ভিন্ন ছিল। জনগণ ভোট দিয়ে বিএনপিকে সরকার গঠনের সুযোগ করে দিয়েছে।' মাসুদ সাঈদী বলেন, 'আমরা বিএনপির সরকারকে আন্তরিকভাবে অভিনন্দন জানাই; একই সঙ্গে বলতে চাই, যদিও আমরা বিরোধী দলের সদস্য, তবুও এই সরকারের প্রত্যেকটি ভালো কাজের সহযোগী হিসেবে পাশে থাকব। তাদের সব ধরনের ইতিবাচক কর্মকাণ্ডে আমরা সহযোগিতা করব।' ?তিনি বলেন, 'আমাদের মধ্যে শিষ্টাচার, রাজনৈতিক ভদ্রতা কিংবা সৌজন্যবোধের অভাব নেই। আমরা চাই এটি অব্যাহত থাকুক। কোনো অবস্থাতেই কোনো দুরাচার আমাদের এই সম্পর্ক নষ্ট করতে পারবে না। আমরা যে যেই দলই করি না কেন, আমাদের প্রত্যেকের লক্ষ্য ও উদ্দেশ্য একটাই এই এলাকার মানুষের উন্নয়ন এবং শান্তি নিশ্চিত করা। এই লক্ষ্য বাস্তবায়নে আমরা একযোগে কাজ করব।' এমপি আরও বলেন, 'আমাদের মধ্যে মতভেদ থাকলেও তা কোনো ঝগড়ায় পরিণত হবে না, আমাদের সম্পর্ক বিনষ্ট করবে না এবং এই এলাকার রাজনীতিতে অস্থিতিশীলতা তৈরি করবে না।' পিরোজপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মামুনুর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন: বিএনপির পিরোজপুর জেলা সদস্য সচিব সাইদুল ইসলাম কিসমত, জামায়াতে ইসলামীর পিরোজপুর জেলা শাখার সেক্রেটারি জহিরুল হকসহ বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ এবং বিভিন্ন দফতরের কর্মকর্তারা।

জুনিয়র বৃত্তি পাচ্ছে

অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার জানিয়েছেন, বৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকাসংবলিত গেজেট মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে দ্রুত প্রকাশ করা হবে। বৃত্তির কোটা অনুযায়ী, ঢাকা বোর্ডে ৩ হাজার ৬৩৫ জন মেধাবৃত্তি এবং ৭ হাজার ৭৯০ জন সাধারণ বৃত্তি পাবে। ময়মনসিংহ বোর্ডে ৯৬৭ জন মেধাবৃত্তি ও ২ হাজার ৭৩ জন সাধারণ বৃত্তি, রাজশাহী বোর্ডে ১ হাজার ৯২৬ জন মেধাবৃত্তি ও ৪ হাজার ১২৮ জন সাধারণ বৃত্তি, কুমিল্লা বোর্ডে ১ হাজার ৬৭৭ জন মেধাবৃত্তি ও ৩ হাজার ৫৯৩ জন সাধারণ বৃত্তি, সিলেট বোর্ডে ৯৪৮ জন মেধাবৃত্তি ও ২ হাজার ৩০ জন সাধারণ বৃত্তি, বরিশাল বোর্ডে ৮৭৩ জন মেধাবৃত্তি ও ১ হাজার ৮৭১ জন সাধারণ বৃত্তি, যশোর বোর্ডে ১ হাজার ৬৬২ জন মেধাবৃত্তি ও ৩ হাজার ৫৬১ জন সাধারণ বৃত্তি, চট্টগ্রাম বোর্ডে ১ হাজার ২১০ জন মেধাবৃত্তি ও ২ হাজার ৫৯৩ জন সাধারণ বৃত্তি এবং দিনাজপুর বোর্ডে ১ হাজার ৮০২ জন মেধাবৃত্তি ও ৩ হাজার ৮৬১ জন সাধারণ বৃত্তি বৃত্তি পাবে। মেধাবৃত্তিপ্রাপ্তরা বছরে এককালীন ৫৬০ টাকা ও মাসে ৪৫০ টাকা পাবে। আর সাধারণ বৃত্তিপ্রাপ্তরা বছরে ৩৫০ টাকা ও মাসে ৩০০ টাকা পাবে।

ট্রাম্পের ১৫ শতাংশ শুল্ক নিয়ে বিশ্বজুড়ে

হবে কি না। এনিয়ে যুক্তরাজ্যের ব্যবসায়িক মহলে উদ্বেগ বাড়ছে। ব্রিটিশ চেম্বারস অব কমার্সের নতুন সভাপতি অ্যান্ডি হ্যালডেন বিবিসিকে বলেন, সরকার ভিন্ন কোনো বার্তা না দিলে আগামীকাল থেকেই ১৫ শতাংশ শুল্ক কার্যকর হতে পারে বলে তিনি মনে করেন। তার কথায়, বর্তমানে যুক্তরাষ্ট্রের সঙ্গে যুক্তরাজ্যের শুল্কহার ১০ শতাংশ। যদি ট্রাম্প প্রতিশ্রুতি অনুযায়ী তা ১৫ শতাংশে উন্নীত করেন, তবে সপ্তাহান্তের পদক্ষেপে ক্ষতিগ্রস্ত দেশগুলোর তালিকায় যুক্তরাজ্য নিচের দিকে অবস্থান করবে। এদিকে জার্মান ব্যবসায়ী সংগঠন বিডিআই ইউরোপীয় ইউনিয়নকে দ্রুত যুক্তরাষ্ট্রের সঙ্গে যোগাযোগ করে শুল্ক ও বাণিজ্যবিধি নিয়ে স্পষ্টতা আনার আহ্বান জানিয়েছে। সংগঠনটির সভাপতি পিটার লিবিঙ্গার বলেন, এসব সিদ্ধান্ত আটলান্টিকপাড়ের বাণিজ্যে নতুন করে অনিশ্চয়তা সৃষ্টি করেছে। উভয় পক্ষের ব্যবসাপ্রতিষ্ঠান পরিকল্পনা প্রণয়নের জন্য স্থিতিশীল ও নির্ভরযোগ্য পরিবেশ চায়। সংলাপের মাধ্যমেই স্বচ্ছতা ও আস্থা পুনর্গঠন সম্ভব বলে মন্তব্য করেন তিনি। বিশ্লেষকরা শুল্কনীতির এই জটিলতাকে 'অগোছালো পরিস্থিতি' হিসেবে বর্ণনা করেন। তাদের মতে, স্পষ্ট নীতিমালা ছাড়া বিনিয়োগকারীদের আস্থা দুর্বল হতে পারে এবং ট্রান্সআটলান্টিক বাণিজ্যপ্রবাহে বিঘ্ন ঘটার আশঙ্কা রয়েছে। রোববার (২২ ফেব্রুয়ারি) মার্কিন সংবাদমাধ্যম সিবিএসকে দেওয়া সাক্ষাৎকারে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ার বলেন, যুক্তরাষ্ট্র এরই মধ্যে যুক্তরাজ্য, ইউরোপীয় ইউনিয়ন, জাপান, সুইজারল্যান্ডসহ বিভিন্ন দেশের সঙ্গে যে শুল্কচুক্তি চূড়ান্ত করেছে, সেগুলো থেকে সরে আসার কোনো পরিকল্পনা নেই। তবে নতুন ১৫ শতাংশ শুল্ক পূর্বঘোষিত চুক্তির ওপর কীভাবে প্রভাব ফেলবে, তা নিয়ে আনুষ্ঠানিক ব্যাখ্যা না আসায় আন্তর্জাতিক বাণিজ্য অঙ্গনে অনিশ্চয়তা থেকেই যাচ্ছে। বিশ্লেষকরা বলছেন, শুল্কহার বৃদ্ধি কার্যকর হলে তা কেবল রপ্তানি-আমদানির ব্যয় বাড়াবে না, বরং সরবরাহ শৃঙ্খল ও মূল্যস্ফীতিতেও প্রভাব ফেলতে পারে। ফলে যুক্তরাষ্ট্র ও তার প্রধান বাণিজ্য অংশীদারদের মধ্যে দ্রুত নীতিগত স্পষ্টতা জরুরি হয়ে উঠেছে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ২৪ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১১ ফাল্গুন ১৪৩২

ট্রাম্পের ১৫ শতাংশ শুল্ক নিয়ে বিশ্বজুড়ে বিভ্রান্তি, কবে হচ্ছে কার্যকর?

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষিত নতুন ১৫ শতাংশ শুল্ক কার্যকর হবে কি না, তা নিয়ে বিশ্বজুড়ে বিভ্রান্তি তৈরি হয়েছে। এখনো স্পষ্ট নয়, এরই মধ্যে যেসব দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের শুল্ক চুক্তি হয়েছে, তাদের জন্য নতুন হার প্রযোজ্য ৩ এর পাতায় দেখুন

সারাদেশের পরিত্যক্ত গভীর নলকূপ ভরাটের নির্দেশ হাইকোর্টের

কীর্তনখোলা ডেস্ক

দুর্ঘটনা রোধে সারাদেশের পরিত্যক্ত গভীর নলকূপ তিন মাসের মধ্যে ভরাটের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। স্থানীয় সরকার সচিবসহ সংশ্লিষ্টদের এ নির্দেশ বাস্তবায়ন করতে বলা হয়েছে। সোমবার (২৩ ফেব্রুয়ারি) বিচারপতি আহমেদ সোহেল ২ এর পাতায় দেখুন

বরিশাল বোর্ডে প্রায় আড়াই হাজারসহ

জুনিয়র বৃত্তি পাচ্ছে ৪৬ হাজার দুইশ শিক্ষার্থী

কীর্তনখোলা ডেস্ক

চলতি সপ্তাহেই জুনিয়র বৃত্তি পরীক্ষার ফল প্রকাশের সম্ভাবনা রয়েছে। এ বছর মোট ৪৬ হাজার ২০০ শিক্ষার্থী বৃত্তি পাবে। যার মধ্যে ১৪ হাজার ৭০০ শিক্ষার্থী মেধাবৃত্তি (ট্যালেন্টপুল) এবং ৩১ হাজার ৫০০ শিক্ষার্থী সাধারণ বৃত্তি পাবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন উইংয়ের সহকারী পরিচালক কামরুন নাহার জানিয়েছেন, ২৫ ফেব্রুয়ারি ফল প্রকাশের সম্ভাবনা রয়েছে। জুনিয়র বৃত্তি পরীক্ষা গত ২৮ ডিসেম্বর থেকে ৫ জানুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হয়। ২০২৫ সালে অষ্টম শ্রেণি উত্তীর্ণ ৩ লাখ ১৫ হাজার ১৬০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছিল। ফলাফল প্রক্রিয়া করছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ৩ এর পাতায় দেখুন

জনস্বার্থবিরোধী কিছু হলেই আমরা প্রতিবাদ করবো: মাসুদ সাঈদী

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাঈদী বলেছেন, 'সরকার যদি জনস্বার্থবিরোধী কোনো কাজ করে, যদি অন্যায় কোনো পদক্ষেপ নেয়, কিংবা সংখ্যাগরিষ্ঠ মানুষের মতের বিরুদ্ধে গিয়ে কোনো সিদ্ধান্ত গ্রহণের চেষ্টা করে, তাহলে অবশ্যই সংসদে এবং সংসদের বাইরে গিয়েও আমরা এর প্রতিবাদ করব।' সোমবার ৩ এর পাতায় দেখুন

দ্রুত, হয়রানিমুক্ত সেবা পৌঁছে দেওয়া আমাদের নৈতিক দায়িত্ব: তথ্যমন্ত্রী

গৌরনদী প্রতিনিধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রী এবং বরিশাল-১ আসনের সংসদ সদস্য জনাব জহির উদ্দিন স্বপন, এমপি মহোদয়ের সঙ্গে গৌরনদী উপজেলা প্রশাসনে কর্মরত সরকারি কর্মকর্তা ও কর্মচারীগণের মতবিনিময় সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বিকেল ৪টায় উপজেলা অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ইব্রাহিম। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেন, "সরকারি কর্মকর্তা-কর্মচারীরা হচ্ছেন সরকারের নীতিমালা বাস্তবায়নের প্রধান চালিকাশক্তি। জনগণের দোরগোড়ায় দ্রুত, স্বচ্ছ ও হয়রানিমুক্ত সেবা পৌঁছে দেওয়া আমাদের নৈতিক দায়িত্ব।" তিনি আরও বলেন, উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে জবাবদিহিতা, সততা ও আন্তরিকতার বিকল্প নেই। মাঠপর্যায়ে সমন্বিতভাবে কাজ করলে গৌরনদীকে একটি মডেল উপজেলায় রূপান্তর করা সম্ভব। মন্ত্রী সকলকে দলমত নির্বিশেষে জনগণের কল্যাণে কাজ করার আহ্বান ৩ এর পাতায় দেখুন

বাকেরগঞ্জে ডাকাতি করে কুরআন ছুঁইয়ে গোপনিয়তার শপথ করালো ডকাতদল

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের বাকেরগঞ্জে এক প্রবাসীর বাড়িতে অস্ত্রের মুখে জিম্মি করে ডাকাতির ঘটনা ঘটেছে। ডাকাতরা চলে যাওয়ার সময় ঘটনাটি প্রকাশ না করতে পরিবারের সদস্যদের হাতে কোরআন শরীফ ধরিয়ে শপথ করায় বলে অভিযোগ করেছেন ভুক্তভোগীরা। সোমবার দিবাগত রাত আড়াইটা থেকে ৩টার মধ্যে রঙ্গশ্রী ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের বাহাদুরপুর গ্রামে লেবানন প্রবাসী লিটন গাজীর বাড়িতে এ ঘটনা ঘটে। এ সময় ঘরে তার বৃদ্ধ মা, স্ত্রী রোজিনা ও ছোট মেয়ে ছিলেন। ভুক্তভোগীদের ভাষ্য, দরজায় শব্দ পেয়ে কে জানতে চাইলে ৭ থেকে ৮ জন মুখোশধারী দুর্বৃত্ত দরজা ভেঙে ঘরে প্রবেশ করে। কিছু বুঝে ওঠার আগেই তারা পরিবারের সদস্যদের মুখ চেপে ধরে হাত-পা বেঁধে ফেলে এবং অস্ত্র ঠেকিয়ে চুপ থাকতে বলে। কথা বলতে গেলে মারধরও করা হয় বলে অভিযোগ করেন তারা। পরিবারের দাবি, স্বর্ণালংকার ও নগদ টাকাসহ প্রায় ৩০ লাখ টাকার মালামাল লুট করে নিয়ে যায় ডাকাতরা। যাওয়ার সময় ৩ এর পাতায় দেখুন

নারীকে মারধরের ভিডিও ভাইরাল, ছাত্রদল নেতা বহিষ্কার

নাজিরপুর প্রতিনির্ধি

পিরোজপুরের নাজিরপুর মাটিভাংগা ডিগ্রি কলেজ শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম মুন্নার বিরুদ্ধে এক নারীকে মারধরের অভিযোগ উঠেছে। মারধরের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। তবে ওই নারীকে নিজের স্ত্রী বলে দাবি করেছেন মুন্না। এ ঘটনায় মুন্নাকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা গেছে, একটি নির্জন বাগানে এক নারীকে ধরে টানাটানি ও চড়-থাপ্পড় দিচ্ছেন ছাত্রদল নেতা মুন্না। এসময় ওই নারী নিজেকে রক্ষা করার চেষ্টা করছেন। এ বিষয় অভিযুক্ত ছাত্রদল নেতা আরিফুল ইসলাম মারধরের কথা স্বীকার করে বলেন, ওই নারী আমার স্ত্রী। একটি নির্জন স্থানে বসে আমার সঙ্গে কথা কাটাকাটি হলে একপর্যায় চড়-থাপ্পড় দেই। এদিকে নারীকে মারধর করার ৩ এর পাতায় দেখুন

নবনিযুক্ত চিফ প্রসিকিউটর নির্দোষদের হয়রানি নয় অপরাধীদের প্রাপ্য সাজা পেতেই হবে

কীর্তনখোলা ডেস্ক

কোনো নির্দোষ ব্যক্তি হয়রানির শিকার হবেন না এবং প্রকৃত অপরাধীদের প্রাপ্য সাজা পেতেই হবে বলে মন্তব্য করেছেন নবনিযুক্ত চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি

বলেছেন, কারও প্রতি বিদ্বেষ পোষণ না করে আইনের প্রত্যাশা অনুযায়ী বিচারকার্য পরিচালনা করা হবে। সোমবার (২৩ ফেব্রুয়ারি) আন্তর্জাতিক অপরাধ ৩ এর পাতায় দেখুন

চাঁদা না দেওয়ায় ফল ব্যবসায়ীকে বিএনপি নেতার মারধর

মির্জাগঞ্জ প্রতিনিধি

পটুয়াখালীর মির্জাগঞ্জে চাঁদা না দেওয়ায় এক ফল ব্যবসায়ীকে মারধরের অভিযোগ উঠেছে উপজেলা বিএনপির এক নেতার বিরুদ্ধে। এ ঘটনায় অভিযুক্তের বিচার দাবিতে সংবাদ সম্মেলন করেছেন ভুক্তভোগী ব্যবসায়ী নির্মল দাস। সোমবার (২৩ ফেব্রুয়ারি) দুপুর ১২টায় মির্জাগঞ্জ প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে এ দাবি করা হয়। লিখিত বক্তব্যে নির্মল দাস জানান, মির্জাগঞ্জ উপজেলার সুবিদখালী বাজারে তাঁর একটি ফলের দোকান রয়েছে। দীর্ঘদিন ধরে উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সুজন সিকদার ও তার সহযোগীরা তার কাছে পাঁচ লাখ টাকা চাঁদা দাবি করে ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় বহিষ্কৃত ছাত্রদল নেতার বিরুদ্ধে মানববন্ধন

ভান্ডারিয়া প্রতিনিধি

অন্যের জমি দখলসহ বিভিন্ন অপরাধ কর্মকাণ্ডের অভিযোগে পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলা ছাত্রদলের বহিষ্কৃত আহ্বায়ক মাহফুজুল ইসলাম উজ্জ্বল ও তার সহযোগীদের বিরুদ্ধে বিক্ষোভ ও মানববন্ধন করেছে এলাকাবাসী। সোমবার (২৩ ফেব্রুয়ারি) ভাণ্ডারিয়া উপজেলা শহরের শহীদ মিনারের সামনের সড়কে এ কর্মসূচি পালন করা হয়। মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে বক্তব্য দেন ভাণ্ডারিয়া পৌর ৩ এর পাতায় দেখুন



বিশ্ববিদ্যালয়ে বিভাগের চেয়ারম্যানের সঙ্গে প্রক্টরের প্রকাশ্যে হাতাহাতি

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) এনিমেল সায়েন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের জেনারেল এনিম্যাল সায়েন্স অ্যান্ড এনিম্যাল নিউট্রিশন বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ শাহবুবুল আলম ও বিশ্ববিদ্যালয় ৩ এর পাতায় দেখুন

তালতলীতে বিদ্যুৎস্পৃষ্টে নিহত ১

তালতলী প্রতিনিধি

বরগুনার তালতলীতে ফুল গাছে পানি দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে হালিম গাজী (৫৫) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে। সোমবার (২৩ ফেব্রুয়ারি) দুপুর ১২টার দিকে নিজ বাড়িতে এ দুর্ঘটনা ঘটে। নিহত হালিম গাজী ওই এলাকার মৃত শফেজ গাজীর ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, উপজেলার সোনাকাটা ইউনিয়নের নিদ্রা গ্রামে দুপুরে বাড়ির আঙিনায় থাকা ফুল গাছে মোটর চালিয়ে পানি দিচ্ছিলেন হালিম গাজী। এ সময় পাইপে পানি না যাওয়ায় মোটরের সংযোগ পরীক্ষা করতে যান। একপর্যায়ে মিটারের সঙ্গে থাকা আর্থিংয়ের তারে হাত লেগে তিনি বিদ্যুৎস্পৃষ্ট হন এবং পাশে থাকা পুকুরে পড়ে যান। তার চিৎকারে স্ত্রী ৩ এর পাতায় দেখুন

প্রশাসনের গুরুত্বপূর্ণ পদে রদবদল করছে সরকার

কীর্তনখোলা ডেস্ক

সামরিক-বেসামরিক প্রশাসনে পরিবর্তন আনতে শুরু করেছে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন নতুন সরকার। এরই মধ্যে বেসামরিক প্রশাসনের শীর্ষ দুই পদে পরিবর্তন আনা হয়েছে। রোববার সেনাবাহিনীর আটটি গুরুত্বপূর্ণ পদে রদবদল করা হয়েছে। পুলিশের শীর্ষ পর্যায়ে পরিবর্তন আনা হবে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ জ্যেষ্ঠ পদগুলোতেও পরিবর্তনের সম্ভাবনা রয়েছে। তবে সরকারের দায়িত্বশীল ব্যক্তিরা বলছেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকার বেসামরিক প্রশাসনেও ধীরে ধীরে পরিবর্তন আনবে। তবে একবারে নয়, পর্যায়ক্রমে রদবদল করা হবে। ২০২৪ সালের ৫ আগস্ট গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর গঠিত ড. মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকার ৩ এর পাতায় দেখুন

গভীর সমুদ্রে ডাকাতের হামলায় ২ জেলে গুলিবিদ্ধ

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটা উপজেলা থেকে গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে ডাকাতের হামলায় দুই জেলে গুলিবিদ্ধ হয়েছেন। রোববার সকাল আনুমানিক ৬টার দিকে মংলা বয়ার পশ্চিম দিকে পাথরঘাটার থেকে প্রায় ২০০ কিলোমিটার দূরে বঙ্গোপসাগর এলাকায় এ ঘটনা ঘটে। সোমবার সকাল ১০টায় গুলিবিদ্ধ নুর আলম খানকে চিকিৎসার জন্য পাথরঘাটা স্বাস্থ্য কমপ্লেক্সে আনা হয়। গুলিবিদ্ধরা হলেন- নুর আলম খান (৪৮), পাথরঘাটা উপজেলা সদর ইউনিয়নের বড় টেংরা হাজির খাল ৪ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। শাহজাহান (৪৫), একই ইউনিয়নের চরলাঠিমারা ৯ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে স্বামীর নির্যাতনে আগুনে আত্মহত্যার চেষ্টা স্ত্রীর

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠিতে স্বামীর বিরুদ্ধে বিকৃত যৌনাচার, শারীরিক নির্যাতন ও দ্বিতীয় বিয়ের অভিযোগ করে নিজের শরীরে আগুন দিয়ে আত্মহত্যার চেষ্টা করেছেন সুখি আক্তার (২৪) নামে এক গৃহবধূ। তার শরীরের প্রায় ৯০ শতাংশ দগ্ধ হয়েছে বলে জানিয়েছেন চিকিৎসকরা। বর্তমানে তিনি আশঙ্কাজনক অবস্থায় বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। পরিবার সূত্রে জানা গেছে, সদর উপজেলার নৈয়োরী গ্রামে গত ১৭ ফেব্রুয়ারি সন্ধ্যার পর স্বামী-স্ত্রীর মধ্যে তীব্র বাকবিতণ্ডার একপর্যায়ে সুখি আক্তার নিজের শরীরে আগুন দেন। গুরুতর অবস্থায় প্রথমে তাকে ঝালকাঠি থেকে ঢাকায় জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে নেওয়া হয়। কয়েকদিন চিকিৎসা চলার পর অর্থাভাবে সেখান থেকে ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে সড়ক দুর্ঘটনায় অজ্ঞাত ব্যক্তির মৃত্যু

উজিরপুর প্রতিনিধি

ঢাকা-বরিশাল মহাসড়ক-এর উজিরপুর উপজেলার জয়শ্রী সাজু পাম্প এলাকায় সড়ক দুর্ঘটনায় অজ্ঞাতনামা এক ব্যক্তির মর্মান্তিক মৃত্যু হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার (২৩ ফেব্রুয়ারি) ভোর আনুমানিক ৪টা থেকে ৬টার মধ্যে যেকোনো সময় অজ্ঞাত একটি দ্রুতগামী যানবাহন প্রায় ৫২ বছর বয়সি এক ব্যক্তিকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে পথচারীরা সড়কের পাশে লাশ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেন। খবর পেয়ে ৩ এর পাতায় দেখুন

বাউফলে তিন কেজি গাঁজাসহ গ্রেফতার ১

বাউফল প্রতিনিধি

পটুয়াখালী জেলার বাউফল উপজেলায় ৩ কেজি গাঁজাসহ মো. সাহিন মল্লিক (৩২) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। রোববার দিবাগত রাতে উপজেলার কালাইয়া ইউনিয়নের আয়নাবাজ কালাইয়া এলাকার ৬ নম্বর ওয়ার্ডের নাগর মল্লিক বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে বাউফল থানার এসআই মোফাজ্জলের নেতৃত্বে একটি দল ওই এলাকায় অভিযান চালায়। অভিযানকালে মৃত নাগর মল্লিকের ছেলে মো. সাহিন মল্লিকের ৩ এর পাতায় দেখুন

তজুমদ্দিনে বাকপ্রতিবন্ধী নারীকে দলবদ্ধ ধর্ষণ, আটক ১

ভোলা প্রতিনিধি

ভোলার তজুমদ্দিন উপজেলায় বাকপ্রতিবন্ধী এক নারী দল বেঁধে ধর্ষণের শিকার হয়েছেন বলে অভিযোগ উঠেছে। ঘটনায় জড়িত থাকার অভিযোগে একজনকে আটক করেছে পুলিশ। রোববার রাতে উপজেলার চাঁদপুর ইউনিয়নের এ ঘটনায় তিনজনের নাম উল্লেখ করে মামলার প্রক্রিয়া চলমান রয়েছে বলে জানিয়েছেন ভোলা জেলা অতিরিক্ত পুলিশ সুপার মো. ইব্রাহীম। বাকপ্রতিবন্ধী ওই নারী (২৫) এক সন্তানের জননী। রোববার দুপুরে তিনি চাঁদপুর ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের গোলকপুর গ্রামের অনিল সাধুর মন্দিরে কীর্তন শুনতে যান। ভুক্তভোগীর অভিযোগ অনুযায়ী, রাত আনুমানিক ৯টার দিকে স্থানীয় অটোচালক রাকিব, শাকিল ও রাসেল পূর্ব পরিচয়ের সূত্র ধরে তাকে অটোরিকশায় তুলে নেয়। পরে ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com